In ancient Sanskrit literature, the sorrow picture of poverty is much less available. In maximum cases, poets created their work based on nature, love, king and his kingdom, his ruling etc. by omitting the society. The exception is *Mṛcchakatīkam* by Śūdraka. In many instances it is seen that the characters have lack of generosity, how ever that can be defined only as mental poverty. But the poets of Sanskrit literature and language rarely portrayed the financial poverty of common people of the society.

## References

1. *Nātyaśāstra*, Chapter VI.
2. *Vālmīki Rāmāyaṇa*, Ayodhyākāṇḍa, 2.19.11
3. *Mahābhārata*, 5/125/12, 13
4. Loc. Cit. 1/127/5, 7
5. *Devi Bhāgavat-Purāṇa*, 7/20/10
6. *Chāṇḍa Kauśika* 3/17
7. *Svapnavāsavadattam*, 1/2
8. *Raghuvaṃśam*, 5/24, 25
9. *Abhijñānaśakuntalam*, Act VI.
10. *Mṛcchakatīkam*, Act. I.
11. Loc. Cit. 1/2.
12. *Op.cit.*, Act. III.
13. *Ibid.*, 3/19
14. *Harṣacaritam*, Ucchvāsa VII.
15. Loc. Cit., Ucchvāsa VII.
16. *Pañcatantram*, 2/89, 5/2
17. *Subhāsita-Ratna-Bhāṇḍagāra*, 1, 6, 43.

**Bibliography**

- Abhijñāśakuntalam.* Kālidāsa. Ed. by Haridasa Siddhantavagisha. Kolkata. 1860 Śakabda. Print.
- Chañḍa-kauśikam.* Kṣemīśvara. Ed. by Jagadish Mishra. Varanasi: Chowkhamba Vidyabhavan. 1965. Print.
- Devī-Bhāgavatam.* Ed. by Pañcānan Tarkaratna, Nababhārat Publishers, 1st ed. Agrhāyaṇa, 1388. Print.
- Harshacaritam,* Bāṇabhatta. Ed. by P.V. Kane. Delhi, Varanasi, Patna, Madras: MLBD, 1986 (rpt) (1st ed. Bombay 1918). Print.
- Mṛcchakatikam.* Śūdraka. Ed. by Jagadish Mishra. Varanasi: Chaukhamba Surabharati Prakashan. 2009. Print.
- Nāṭyaśāstra.* Bharata. Ed. by N.P. Unni. Delhi: Nag Publishers. 1998. Print.
- Pañcatantram.* Viṣṇuśarmā. Ed. by M.R. Kale. Delhi: MLBD. 1986-2005. Print.
- Raghuvamśam.* Kālidāsa. Ed. by Gurunath Vidyanidhi Bhattacharya. Śrāvāṇa, 1378. Print.
- Subhāsita-Ratna-Bhāṇḍagāra.* Ed. by Narayan Ramacharya, Munshiram Manoharal Pvt. Ltd. (rpt. 1978). Print.
- Vālmiki Rāmāyaṇa.* Vālmiki, Ed. by Dhyanesh Narayan Chakrovorti. New light. 1996. Print.

## সামাজিক মূল্যবোধ : নীতিসাহিত্যের পাতা থেকে

দেবদাস মণ্ডল

মানুষ সমাজবদ্ধ সামাজিক জীব। সে একাকী থাকতে পারে না। তাই সেই সভ্যতা উন্মেষের প্রাথমিক লগ্ন থেকে জীবনের প্রয়োজনে যে গোষ্ঠী বা দলবদ্ধ জীবন-যাত্রা শুরু হয়েছিল তা ক্রমশ পরিবার, সমাজ, রাষ্ট্র কখনো জাতীয়রাষ্ট্র কিংবা আন্তর্জাতিক রাষ্ট্র পর্যন্ত বিভিন্ন রূপে রূপান্তরিত হয়েছে। এক্ষেত্রে মূল্যবোধ হল—মানুষের আভ্যন্তরীণ ঔচিত্যবোধ, এক প্রকার বৌদ্ধিক সংস্কার, সৎপথে জীবনযাত্রা করার মৌলিক কিছু দিক, যা সবসময় সকলের মান্য করে চলা উচিত। যা অদৃশ্যভাবে সমাজের বিভিন্ন স্তরের বিভিন্ন মানুষের সঙ্গে অন্তর্নিহিত যোগসূত্র রচনা করে। মূল্যবোধ মানুষের মানবিকতা নির্ধারণের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ব্যাপার। কোন বৃক্ষের মূল যেমন সমগ্র বৃক্ষকে মাটির উপরে ধরে রাখে তেমনি সমাজরূপ বৃক্ষের মূল হল মূল্যবোধ। মূল্যবোধের অভাবে সামাজিক অধঃপতন ঘটে। মূল্যবোধ থেকেই সৃষ্ট সাংস্কৃতিক চেতনা বা আদর্শ সমাজ গড়ে ওঠে। এখন দেখাযাক, সংস্কৃত নীতিসাহিত্যের সুবিস্তৃত পরিসরে মূল্যবোধের ধারণা কী ভাবে ছড়িয়ে রয়েছে?

নীতিসাহিত্যের পরিসর: ভারতীয় প্রাচীন সাহিত্য—বেদের সূক্তগুলিতে, ব্রাহ্মণ-আরণ্যক উপনিষদের বিবিধ আখ্যান-উপাখ্যানে নৈতিক পথের সন্ধান পাওয়া যায়। পরবর্তীকালে রামায়ণ-মহাভারত-পুরাণের মধ্যে সামাজিক তথা রাজনৈতিক মূল্যবোধ বিভিন্ন কাহিনির মাধ্যমে পরিবেশিত হয়েছে। ধর্মশাস্ত্র কিংবা অর্থশাস্ত্র সামাজিক মূল্যবোধ নির্ধারণের তথা নীতির আকরগ্রন্থ বললে অত্যুক্তি হয় না। তবে পারিভাষিক অর্থে নীতিশাস্ত্র হিসেবে *চাণক্যনীতি*, *কামন্দকীয়নীতি*, *শুক্ৰনীতি*, *বিদূরনীতি*, *নীতিশতক*, *শান্তিশতক*, *নীতিবাক্যামৃত*, *নীতিরত্নাবলী*, *পঞ্চতন্ত্র*, *হিতোপদেশ* প্রভৃতিকে ধরা হয়। যেখানে আবহমান সংস্কৃতিক ঐতিহ্যকে মাথায় রেখে প্রতিটি মানুষকে সুচারু উপদেশের মাধ্যমে চলার সঠিক পথনির্দেশ করা হয়েছে।

১. নীতি কী? নী ধাতু জিন্ প্রত্যয় যোগে নীতি-শব্দ নিষ্পন্ন।—*নয়নাত্ নীতিরুচ্যতে*। অর্থাৎ যা নিয়ে যায় তাই হল নীতি। এখানে প্রশ্ন কোথায় নিয়ে যায়? তার উত্তরে বলা যায়, নীতি বা নৈতিকোপদেশ আমাদের অসৎ হতে সৎ পথে নিয়ে যায়, অন্ধকার হতে আলোর পথে নিয়ে যায়, মৃত্যুর পথ থেকে অমৃতের পথ নিয়ে যায়। অর্থাৎ নীতি হল এমন একটি মত বা মতাদর্শ, নিয়ম বা আইন, কিংবা উপদেশ যা আমাদের নির্দিষ্ট লক্ষ্যের পথে চালিত করে। নীতির সঙ্গে নেতার গভীর সম্পর্ক বিদ্যমান। নীতি ছাড়া আদর্শ নেতা হওয়া বা নেতৃত্ব দেওয়া কখনো সম্ভব নয়। নেতার কাজও হল নৈতিকপথে প্রবর্তিত করা অর্থাৎ নিয়ে যাওয়া। নীতিশাস্ত্র সমাজের সর্বস্তরের মানুষের অভিষ্টকর। বিশেষত, রাজার কিংবা রাজনৈতিক নেতার ক্ষেত্রে তার গুরুত্বের কথা স্বীকার করা হয়েছে *শুক্ৰনীতিসারে*। সমাজের প্রত্যেকটি মানুষের আচার-আচরণ, সৃজন-দুর্জনের স্বরূপ, শত্রু-মিত্র, নর-নারীর গতি-প্রকৃতি, গুরু-শিষ্য তথা ছাত্র-শিক্ষকের ধর্ম অর্থাৎ কর্তব্য-কর্ম বিষয়ে আলোকপাত করা হয়েছে নীতিশাস্ত্রে। সেখানে সংসারে একজন আদর্শ পিতার মতই কিংবা নৌকায় একজন দক্ষ মাঝির মত-ই সমাজে একজন আদর্শ নেতার স্বরূপ কল্পিত হয়েছে। কেননা, সুদক্ষ মাঝির অভাবে নৌকা যেমন আগধ সমুদ্রে বিপর্যস্ত হয়ে যায় তেমনি গৃহে নিপুণ গৃহকর্তার অভাবে

কিংবা রাষ্ট্রে দক্ষ নেতার অভাবে প্রজারা সংসারসমুদ্রে রণকহীন হয়ে পড়ে পড়ে বিপদাপন্ন হয়। নীতিসাহিত্যরূপ দর্পণের সামনে দাঁড়াতেই বোঝা যায়—আমাদের চলার পথ কী হওয়া উচিত? আর কোন পথে আমরা চলেছি? অর্থাৎ আমাদের কর্তব্য কী? আর কী নয়? বস্তুত, সাধারণ দর্পণে সকলের বাস্তবরূপ, আকার আকৃতি দেখা যায়; কিন্তু নীতিসাহিত্যরূপ দর্পণে মানুষের চেনারূপের অন্তরালে অচেনা রূপের সম্মান পাওয়া যায়। উন্মার্গগামীকে সঠিক দিশা দেখায় নীতিশাস্ত্র।

২. মানব জীবনের মূল লক্ষ্য হল পুরুষার্থ লাভ। হিতোপদেশে বলা হয়েছে—জীবনে যার ধর্ম, অর্থ, কাম, মোক্ষ এই পুরুষার্থ চতুষ্টয়ের মধ্যে একটিও নেই তাঁর জন্ম ছাগলের গলদেশস্থিত স্তনের ন্যায় নিরর্থক।<sup>৭</sup> অর্থাৎ বেঁচে থাকলেও লক্ষ্যশূন্য জীবনের কোন মানেই নেই, সেই জীবন কল্পুর বলাদের মত নিরর্থক। এখানে পুরুষার্থ চতুষ্টয়ের উল্লেখ করা হলেও নীতিসাহিত্যে যে ভাবে মোক্ষের পথনির্দেশ করা হয়েছে তার আলোচনা খুব সামান্য (খুব বেশি তাত্ত্বিক নয়। মনে হয়, উপনিষদে সুবিস্তৃত আলোচনা থাকায় এখানে শুধু তার সিদ্ধান্তগুলিই গৃহীত হয়েছে)। তাই সামাজিক তথা সাংসারিক দিকগুলির (ধর্ম-অর্থ-কামের) প্রতিই নীতিসাহিত্যে সবিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। শুধু তাই নয়, সেখানে ধর্ম-অর্থ ও কাম এই ত্রিবর্গকে সমভাবে সেবনের পরামর্শ পাওয়া যায়। তবে এদের মধ্যে মনে হয় ধর্মের গুরুত্ব সবচেয়ে বেশি। আর সেই কারণে তার উল্লেখ সবার আগে। আহা, নিদ্রা, ভয় এবং মৈথুন প্রভৃতি বিষয় মানুষের এবং পশুর ক্ষেত্রে সবার এক। কিন্তু একমাত্র ধর্মই হল মানুষের অতিরিক্ত গুণ বা কর্ম যা পশুর থেকে মানুষের পার্থক্য বোঝা যায়। ধর্মহীন মানুষ পশুর সমান।<sup>৮</sup> বস্তুত, মানুষ যাতে পশুর স্তরে না নেমে যায় অর্থাৎ মানুষের মধ্যে মনুষ্যত্বের অভাবে যাতে পশুত্বের প্রকাশ না ঘটে, পাশবিকতার সঙ্গে যাতে মানবিকতার পার্থক্য উপলব্ধি হয় সে কারণে ধর্ম অর্থাৎ মনুষ্যত্বরূপ ধর্মের গুরুত্ব এভাবেই নির্দেশ করা হয়েছে। ধর্ম—বলতে মানুষের সদাচার বা ন্যায়, নীতি, কর্তব্যনিষ্ঠাকেই বোঝানো হয়েছে। যার দ্বারা মানুষের অন্তর পরিশীলিত হয়, আভ্যন্তরীণ বিকাশ হয়, মানবিক গুণলাভ ঘটে তাই হল ধর্ম। কিন্তু মানুষ যদি তার মানবিকতা ভুলে যায়, তাঁর মনুষ্যত্বকে বিসর্জন দেয়, কিংবা তার আচার আচরণ ন্যায় সংগত বা বৌদ্ধিক না হয় তাহলে পশুর সঙ্গে মানুষের কোন পার্থক্য থাকে না। জীবনে মূল্যবোধ-ই একমাত্র মানুষকে পশুর থেকে আলাদা করে। ধর্মের লক্ষ্য বা মর্মার্থ যাঁরা উপলব্ধি করতে না পারেন তাঁরাই যে কোন অজুহাতে নির্বোধ পশুর মত একের সঙ্গে অন্যে সংঘাতে লিপ্ত হয়ে পড়েন। আসলে ধর্মীয় কুসংস্কার বা গোড়ামী কখনো সমাজকে কল্যাণকর পথে চালিত করতে পারে না।

বস্তুত, সামাজিক মূল্যবোধের মূলটা নিহিত ধর্মের মধ্যেই। ধর্ম বলতে এখানে আধ্যাত্মিক ভাবনা, সদ্গুণাবলী, নীতি-নৈতিকতা, পবিত্র কর্তব্য-কর্ম, সদাচার প্রভৃতিকে নির্দেশ করা হয়েছে। যেগুলি অনুসরণ করা, পালন করা, মান্য করা, স্মরণ করা বা ধ্যান করা প্রত্যেকটি মানুষের একান্ত কর্তব্য। সমাজ-জীবনের প্রতিটি ক্ষেত্রে নীতি-নৈতিকতার বিবিধ প্রসঙ্গ এমনভাবে জুড়ে ও জড়িয়ে রয়েছে যে তার সামগ্রিক আলোচনাও এই স্বল্প পরিসরে অসম্ভব। ধর্মশাস্ত্রসমূহে ধর্মের স্বরূপ নিয়ে বিভিন্ন মত পরিলক্ষিত হয়। ধর্মীয় এই ধারণার মধ্যেই মূল্যবোধের প্রাথমিক ভাবনা নিহিত। ধাতু মন-প্রত্যয় যোগে নিষ্পন্ন ধর্মের প্রকৃত অর্থ হল—যা মানুষকে ধারণ করে থাকে, যা সমাজকে ধারণ করে, যা সামাজিক শৃঙ্খলা, ন্যায়পথ থেকে বিচ্যুত হতে দেয় না, যা সনাতন সত্যে বিধৃত রাখে তাই হল ধর্ম। অথবা মানুষেরাই যা ধারণ করে, যা মেনে চলে বা পালন করে, মনন বা অনুসরণ করে তাই হল ধর্ম। মহাভারতে ধর্মের স্বরূপ বলা হয়েছে—*ধারণাঙ্গমমিত্যাধর্মণে বিধৃতাঃ প্রজাঃ। যঃ স্যাৎ ধারণসংযুক্তঃ স ধর্ম ইতি নিশ্চয়ঃ।*<sup>৯</sup> অর্থাৎ সকলকে ধারণ করে বলেই নাম ধর্ম, এই ধর্মই সমস্তপ্রজাগণকে ধারণ করে থাকে, যার দ্বারা ধারণ ও পোষণকার্য সম্পন্ন হয় তাকেই শাস্ত্রজ্ঞরা ধর্ম বলে নিশ্চিত করেন। ধর্মই মানবিক কল্যাণের প্রকৃষ্ট পথ। মানুষের প্রতি মানুষের ভাতৃত্ববোধ,

দয়া, করুণা, ভক্তি, সততা শ্রদ্ধা, ভালোবাসা, অহিংসা, সদাচার এবং ন্যায়, নীতি, সত্য, নিয়ম অনুসারে চলাই হল ধর্মসাধনার বিবিধ দিক। কিন্তু ধর্মকে কেন্দ্র করে বর্তমানে চারিদিকে যা চলছে তা আসলে-মূল্যবোধের অবক্ষয়ের নামান্তর। কারণ, ধর্মের প্রকৃত অর্থকে না বুঝে ধর্মকে একশ্রেণির স্বার্থায়েবী মানুষেরা আপন উদ্দেশ্য সিদ্ধির জন্য কখনো আর্থিক কখনো বা রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য ব্যবহার করছেন। যেখানে মানুষের পবিত্র, সুকুমার বৃত্তিগুলি অপেক্ষা পাশবিক বৃত্তির প্রকাশ-ই বেশি ঘটছে।

৩. হিন্দু-মুসলিম-খ্রিস্টান-বৌদ্ধ-শক-প্রভৃতির ধর্মাবলম্বীদের মধ্যে পারস্পরিক বিতর্ক বা সংঘাত অহরহ লেগেই থাকে। কিন্তু ধর্মের অর্থ—আভ্যন্তরীণ গুণাবলীর ধারণা বা পালন, সেখানে বাহ্যিক রং বা পোশাক-পরিচ্ছদ ধারণ যেমন উপলক্ষ্য মাত্র, ঠিক তেমনি হিন্দু-মুসলিম-খ্রিস্টান-বৌদ্ধ-শক প্রভৃতি হল ধর্মের এক একটি পোশাকের মত-ই, বাইরের থেকে তাদের রং ভিন্ন হলেও প্রতিটি ধর্মের মূল কথা কিন্তু এক। ধর্মের প্রকৃত অর্থ ও উদ্দেশ্য স্থান-কাল ভেদে অভিন্ন। ধর্ম আমাদের মধ্যে কোন বিতর্কের সৃষ্টি করে না, বরঞ্চ, তা সকল বিচ্ছেদের মধ্যে মিলনসেতু প্রস্তুত করে, সমস্ত মলিনতাকে বিসর্জন দিয়ে মনের কালিমাকে দূর করে আমাদের পবিত্রতার পর্যবসিত করে। আমাদের অন্তরকে বিকশিত করে, সীমার মধ্যে অসীমের আনন্দানুভূতি জাগায়।

৪. অলংকার শরীরের সৌন্দর্য বাড়ায়। তাহলে কি শরীরের সঙ্গে মাননসহি দামী অলংকার পরিধানের সঙ্গে ধর্মের বা মূল্যবোধের কোন সম্পর্ক আছে? এর উত্তর বলা যায় না। কারণ, পোশাক-পরিচ্ছদের মত বস্তুগত অলংকারও হল একেবারে বাহ্যিক বিষয়। তবে বস্তুগত অলংকার না হয়ে যদি হয় নীতিশাস্ত্রসম্মত গুণগত অলংকার তবেই জীবন হবে সার্থক। নীতিশতকে বলা হয়েছে-মহত্বের অলংকার সৌজন্যবোধ, শৌর্যের অলংকার বাকসংযম, কর্ণের অলংকার বেদশাস্ত্র-জ্ঞান, শাস্ত্রজ্ঞানের অলংকার হল বিনয়, (অন্যত্র বলা হয়েছে-জ্ঞানের অলংকার হল-ইন্দ্রিয়সংযম) হস্তের অলংকার হল দান, ধনের অলংকার হল—সত্পাত্রে ব্যায়, তপস্যার অলংকার হল—ক্রোধহীনতা, প্রভুত্বের অলংকার হল—ক্ষমা, ধর্মের অলংকার হল—অকপটতা আর এসবের মূল যে উপাদান তা হল সচ্চরিত, এটিই হল সকলের অলংকার।<sup>১</sup> অন্যত্র বলা হয়েছে—সত্যবাক্য-ই শ্রেষ্ঠ অলংকার, লজ্জা এবং কটিদেশের ক্ষীণতা নারীর শ্রেষ্ঠ অলংকার, বিদ্যা ও ক্ষমাও শ্রেষ্ঠ অলংকার, সকল লোকের সচ্চরিত্রই হল সর্বদা অলংকার। অর্থাৎ যদি অলংকার ধারণ করতে হয় তাহলে সৌজন্য, বাকসংযম, জ্ঞান, বিনয়, ক্ষমা, বিদ্যা প্রভৃতির মত সেইসব অলংকার ধারণ করা উচিত যে অলংকার আমাদের শুধু বাহ্যিক সৌন্দর্য নয়, আমাদের অন্তরের সৌন্দর্যকেই বৃদ্ধি করে। চাণক্যের মতে বিদ্যা সকলের অলংকার—বিদ্যা সর্বস্য ভূষণম্।। আসলে এখানে অলংকার হিসেবে যাদের নাম করা হয়েছে সে সবই হল মানুষের মহৎ গুণ, আর যেসব গুণ বাহ্যিক ধারণের বিষয় নয়। বস্তুগত অলংকারের চেয়ে তা বহুগুণে দামী। তা আমাদের অন্তরকে প্রকৃতপক্ষে আলোকিত করে, বিকশিত করে, অন্তরের শ্রীবৃদ্ধি ঘটায়। অতএব, আন্তরিকভাবে সঙ্গুণাবলীর যদি ধারণ করা, পালন করা বা রক্ষণ বা বর্ধন করা হয় তাহলেই হবে ধর্ম। বস্তুত, ধর্মের অর্থ হল—কর্তব্যবোধ। এর নামান্তর-ই হল মূল্যবোধ। ধর্ম বলতে যে সদাচার পালন, সত্য-নিষ্ঠ আচরণকে বোঝায়, আর সেগুলি যদি যথাযথভাবে পালন করা হয় তাহলেই মূল্যবোধ ঠিক থাকবে।

৫. মূল্যবোধের কথা বলতে গিয়ে আমাদের সনাতন ধর্ম, আধ্যাত্মিক-জ্ঞান, ন্যায়-নীতি, নিয়মশৃঙ্খলা, নিষ্ঠা এবং কর্তব্যবোধের প্রসঙ্গ আসবে। এইসব মহত্বগুণ, যেগুলিই আমাদের মহাপুরুষেরা আজীবন ধারণ ও পালন করে গেছেন। আমাদের উচিত সেইসব গুণগুলিকে স্মরণ করা, মহানব্যক্তির পথ অনুসরণ করা। তাঁদের আরন্ধ কাজগুলিকে চালিয়ে যাওয়া। তাঁদের ভাবনাগুলিকে কার্যে রূপান্তরিত করা। নীতিশতকে বলা হয়েছে—বাঁদের

বিদ্যা, তপস্যা, দানশীলতা, জ্ঞান, সৎভাব, সৎগুণ ও ধর্মভাব (কিছুই) নেই তাঁরা এই মর্ত্যে মানুষ নন; তাঁরা মনুষ্যরূপে পশুর তুল্য। নীতিশাস্ত্রে ধৈর্যকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ক্ষমা গুণ মানুষের শ্রেষ্ঠগুণ, পরজনে দয়া, সজ্জনে প্রীতি, আত্মীয়জনে দাক্ষিণ্য, আশুস্তকের প্রতি সদয়ব্যবহার, দুর্জনব্যক্তির প্রতি শঠতা, রাজাদের দয়া, সজ্জনে প্রীতি, আত্মীয়জনে দাক্ষিণ্য, আশুস্তকের প্রতি শ্রদ্ধা, সরলতা, গুরুজনের প্রতি সহনশীলতা বা (রাজনৈতিক নেতাদের) প্রতি নীতিযুক্ত আচরণ, পণ্ডিতদের প্রতি শ্রদ্ধা, সরলতা, গুরুজনের প্রতি সহনশীলতা বা বিনীতভাব, শত্রুর প্রতি পরাক্রমপ্রদর্শন, সত্পুরুষের সঙ্গ, আধ্যাত্মিকচেতনা এসব-ই হল কল্যাণলাভের সাধারণ পথ।<sup>১</sup> সুখ-দুঃখে আনন্দ বেদনায় সর্বদা সহিষ্ণুতা, দয়া, ক্ষমা, ভক্তি, বিনয় ও ধৈর্য অবলম্বন করা উচিত। সম্পদলাভে গর্বিত না হওয়া, অতিথির সমাদর করা সম্মানের সঙ্গে অন্যের সম্বন্ধে মত প্রকাশ করা, হিতসাধনের পর মৌনভাব অবলম্বন করা হল সজ্জনদের কর্তব্য। আমরা যদি অহংকারবশত সেগুলো ভুলে যাই, সেসব কিছু না মানি, যদি সে সব নীতি-নৈতিকতা পালন না করে উদ্ধত আচরণ করি, আমরা যদি গুরুজনদের প্রতি শ্রদ্ধাশীল না হয়ে তাঁদের অসম্মান করি, যদি নীতি বিসর্জন দেই, বিষয় ভোগের জন্য যদি সর্বদা উদগ্রীব হয়ে উঠি কিংবা যদি আন্তরিক না হয়ে অহংকারবশত লোকদেখানো দান করি, উপকারের প্রলোভন দেখিয়ে সবকিছু আত্মসাৎ করি এবং আধ্যাত্মিকচেতনা বিমুখ হই তাহলে মূল্যবোধ থেকে আমরা বিমুখ হব। পাশ্চাত্যদের জীবনের উদ্দেশ্য হল ভোগবাসনা চরিতার্থ করা আর ভারতীয়দের আদর্শ হল আধ্যাত্মিক সাধনায় রত হয়ে সবকিছু ত্যাগ করা। ত্যাগের দ্বারা ভোগ করা। অর্থাৎ ভোজনের অংশ অন্যকে দিয়ে অবশিষ্ট নিজে খাওয়া। কিংবা শেষমেঘ ইন্দ্রিয়ভোগযোগ্য বিষয় ত্যাগ করে পরমাত্মোপলক্ষিতে নিজেকে নিবেদন করা। অতএব যদি আমরা সেগুলি অগ্রাহ্য করি তাহলে নিশ্চয়-ই তা সনাতন মূল্যবোধের মূলে কুঠারাঘাত হানা হবে।

৬. সৎভাবে জীবন যাপনের জন্য সর্বদা প্রার্থনা ও সৎকর্মের অনুষ্ঠান করতে হয়। নৈতিক জীবনের ভিত্তি হল কথায় ও কাজে সত্যবাদিতা। বাহ্যিক ও অভ্যন্তর উভয় গুণিতাই সর্বদা কাঙ্ক্ষিত। নীতিশাস্ত্রে বলা হয়েছে—যাঁদের মন, বাক্য ও দেহ পবিত্রতার অমৃত ধারায় পূর্ণ, যাঁরা সর্বদা প্রভূত উপকার সাধনের দ্বারা ত্রিভুবনকে প্রীত করেন এজগতে তাঁদের সংখ্যা বিরল।<sup>২</sup> বস্তুত, এই বিরলতার ভাবনা থেকেই হয়তো মূল্যবোধের অবক্ষয়ের আশঙ্কা। সহিষ্ণুতা, যথাকালে অধ্যয়ন, শিবনাম সংকীর্তন, চিন্তের নিবৃত্তি, ভিক্ষানে অভিরুচি, গৃহত্যাগ, নিত্যসমাধিতে প্রবৃত্তি, একাকী বনবাস, গুরুর প্রতি বিনয়, সাধুসঙ্গ, সত্যপ্রীতি ও কামজয়—এগুলিই নিত্যমুক্তিপথের পাথেয়। চাণক্যের মতে এসব গুণ ছাড়া জীবনের কোন প্রয়োজন নেই।—*গুণধর্ম বিহীনস্য জীবিতং নিষ্প্রয়োজনং। চাণক্যনীতিতে* ক্ষমা, দয়া, প্রেম, সামবচন, ঋজুতা, বিনয় এবং সেরা প্রভৃতির দ্বারা সমস্ত জগৎকে বশীভূত করার কথা বলা হয়েছে। চাণক্যের এই নীতি আমাদের বৌদ্ধধর্মের দয়া, করুণা, ক্ষমা প্রভৃতি মহান আদর্শের কথা মনে করিয়ে দেয়।

৭. নীতিসাহিত্যে চরিত্রবলকে সবিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। মানী ব্যক্তিত্বের কাছে আত্মসম্মান বোধই সর্বশ্রেষ্ঠ চারিত্রিক সম্পদ। উচ্চশিরে অবস্থান তার একমাত্র লক্ষ্য। তাঁরা স্বীয় লক্ষ্যে গভীর নিষ্ঠা সহকারে এগিয়ে চলেন। কার্যদম্পাদন না হওয়া পর্যন্ত তাঁদের উৎসাহ উদ্দীপনার বিন্দু মাত্র ঘাটতি ঘটে না। পরাভবকে তাঁরা মানতে চান না। যাঁদের লক্ষ্য উন্নত, মনোবল উচ্চ। কোন প্রকার নীচতা বা কুটিলতার আশ্রয় তাঁরা নেন না। যে কোন দায়িত্বশীল কার্যে দৃঢ়তা ও অধ্যবসায় নিয়ে এগিয়ে চলেন। মূলত, দুটি দিক থেকে নীতিসাহিত্যে মূল্যবোধ বিচারের প্রসঙ্গ ওঠে। এক, রাষ্ট্রনীতির দিক থেকে, দুই ব্যক্তিচরিত্র গঠনের দিক থেকে। রাষ্ট্রনীতির মধ্যে ধর্মনীতি বা সমাজনীতি, অর্থনীতিও সবকিছুই অন্তর্ভুক্ত। কিন্তু এসবকিছুর প্রথমে দরকার ব্যক্তির চরিত্র বা ব্যক্তির গঠনের নীতি। একজন মানুষ যদি না সুস্থ স্বাভাবিক, সৎ না হন তাহলে রাজনৈতিক নেতা হিসেবে তিনি সমাজকে কীভাবে সুস্থ ও সুন্দর

করে তুলবেন? কীভাবে সকলকে সদুপদেশ দেবেন? রাষ্ট্রের ভালো-মন্দ বুঝে কীভাবে সমূহ উন্নতি করবেন? নিজে যদি না শাস্ত্রজ্ঞ হন তাহলে কীভাবে কল্যাণকর অর্থনীতির কথা তাঁর মাথায় আসবে? তাই রাজনৈতিক নেতা হওয়ার আগে, অর্থনৈতিক দায়িত্ব গ্রহণের আগে দেখতে নেতা হওয়ার যেসব সংগুণাবলী নীতিশাস্ত্রে উল্লেখিত হয়েছে সেগুলি তাঁর মধ্যে আছে কি না? তবেই তিনি নেতা হবেন, তবেই সেইসব দায়িত্ব যথাযথ ভাবে পালন তাঁর পক্ষে সম্ভব। শাস্ত্রসম্মতভাবে আইনানুসারে দেশ চালালে বা যেকোন প্রতিষ্ঠান পরিচালিত হলে দেশের সমূহ উন্নতি হবে।

৮. সত্যনিষ্ঠা, ন্যায়নীতি আদর্শ আমাদের জীবনকে সমুজ্জ্বল করে তোলে। নীতিসাহিত্যে জীবনের প্রতিটি মুহূর্তে বারংবার দায়িত্ববোধ ও কর্তব্যনিষ্ঠার প্রতি সচেতন করা হয়েছে। মানুষ একটি মুহূর্তের জন্য কর্মশূন্য হয়ে থাকতে পারে না। তাহলে আমাদের কোন কাজ করা উচিত? কোন কাজ করা অনুচিত? সেটা আগে নির্বাচন করা উচিত। তা নীতিসম্মত হওয়া উচিত। বিষয়ভোগের প্রতি আকৃষ্ট হয়ে মানুষ মোহান্বিত হয়ে পড়েন; কিন্তু মোহগ্রস্ত হয়ে কোন কাজ করা উচিত নয়। কারণ, এসব কাজে বদনাম, দুর্নাম হয়, অপযশ বৃদ্ধি পায়, বিবেকের দংশন শুরু হয়। তাই নীতিশাস্ত্র প্রদর্শিত সংকর্ম, সদাচার, পরোপকার প্রভৃতি কর্মে সর্বদা নিজেকে নিয়োজিত রাখতে হবে। জীবনের প্রতিটি মুহূর্তে পরোপকারিতা, মমত্ববোধ গড়ে ওঠা দরকার। নীতির অন্যতম দিক হল কর্তব্যবোধ; তবে শুধু নিজের প্রতি বা পরিবার পরিজনের প্রতি দায়বদ্ধতা শেষ কথা নয়; অন্যের জন্যেও কিছু করার প্রয়োজনীয়তা আছে। দুর্ঘটনায় পড়ে কেউ রক্তান্ত যন্ত্রণায় কাতরাচ্ছে তাঁকে দেখে অনেকে মুখ ফিরিয়ে চলে যান, কেউ সেই নৃশংস যন্ত্রণার ছবি মোবাইলে বন্দি করছেন, কিন্তু কেউ আহতকে সাহায্য করবে না, এটা ঠিক নয়। সেই যন্ত্রণা নিজের যন্ত্রণা, নিজের অতি প্রিয়জনের যন্ত্রণা মনে করে সাহায্যের জন্য এগিয়ে যাওয়া উচিত। উচ্চশিক্ষিত স্বচ্ছল হয়েও আজকের সন্তান বৃদ্ধ বাবা মা'কে দেখেন না, বাবা মায়ের ঠাই হয় শেষপর্যন্ত পথেঘাটে কিংবা বৃদ্ধাশ্রমে। কোন পথে চলেছি আমরা? নিজেদের বৃদ্ধাবস্থার পরিণতি কী একবারও ভাবছি না? না, আমাদের তিলে তিলে বড়করারর জন্য তাঁদের সেই দিনরাত কঠোর পরিশ্রম, মমত্ববোধ, আন্তরিকতা, নিজে না খেয়ে খাইয়ে দেওয়া—সেগুলোর কি কোন মূল্য নেই? এই মূল্য বোঝা যাবে তখন যখন নিজের সন্তানেরা সেরূপ নির্দয়, নিষ্ঠুর ব্যবহার ফিরিয়ে দেবে, কিংবা অবাস্তিত নির্মম আচরণ করবে। সেই যন্ত্রণাবোধ থেকেই উপলব্ধি হবে অন্যকে যন্ত্রণা দেওয়ার পরিণতি কত মর্মান্তিক ও বেদনাদায়ক! স্বার্থান্ধ মানুষদের দিনে দিনে এইসব কর্তব্যবোধের অবক্ষয় থেকেই তো মূল্যবোধের অবক্ষয়ের সূচনা। তাই জীবনের শুরু থেকে যদি সামাজিক কর্তব্যকর্মের প্রতি সচেতন না হওয়া যায় বা করা যায়; জীবনের শুরুতে যদি ব্যক্তিত্ববোধ গড়ে না ওঠে, পরবর্তীকালে তা গড়ে তোলা খুব-ই কষ্টকর। *হিতোপদেশে* সেই কথাই বলা হয়েছে—যন্নবে ভাজনে লগ্নঃ সংস্কার নান্যথা ভবেৎ।<sup>১</sup> অর্থাৎ জীবনের শুরু থেকে যদি নীতিশিক্ষায় শিক্ষিত করে তোল যায়, তা থেকে যে একটা সংস্কার তৈরি হয়, তার অন্যথা হয় না। সারা জীবন ধরে কল্পবৃক্ষের মত তা থেকে ফল পাওয়া যায়। তাই বর্তমান যুগে মূল্যবোধের অবক্ষয়ের ভাবনা মাথায় নিয়ে স্কুলস্তর থেকে পড়ুয়াদের মধ্যে নৈতিক ভিত গড় তোলার উদ্দেশ্যে নৈতিকশিক্ষা, মূল্যবোধ গড়ে তোলার প্রতি সরকারের পক্ষ থেকে যে পরিকল্পনা, বিশেষত, ক্লাসে ভালো নম্বর পাওয়ার চেয়ে উপযুক্ত মানুষ গড়ার শিক্ষার প্রতি যে গুরুত্ব আরোপ করা হয়েছে—এর যৌক্তিকতা বিচারে এই আলোচনা খুব-ই প্রাসঙ্গিক।

### ৭.১. ছাত্রজীবনে মূল্যবোধ :

ছাত্রজীবনে প্রথম ও প্রধান উদ্দেশ্য হল পড়াশুনা করা। - ছাত্রাণামধ্যয়নং তপঃ। গুরুজনের প্রতি শ্রদ্ধা করা,

প্রত্যহ বেদাধ্যয়নে ও গুরুর হিতানুষ্ঠানে প্রবৃত্ত হওয়া, আচার্যের বা গুরুর আদেশ অক্ষরে অক্ষরে পালন করা, ওধু তাই নয় শরীর-বাক্য-ইন্দ্রিয়-মন-সংযত করে গুরুর মুখাপেক্ষী হয়ে থাকা ও সদাচারসম্পন্ন ও সংযতচারী হয়ে ব্রহ্মার্চ্য ধর্ম পালন করা। এরূপ আরো বিস্তৃতভাবে ব্রহ্মচারীর ধর্ম *মনুসংহিতার* দ্বিতীয় অধ্যায়ে পাওয়া যাবে। *চাণক্যনীতিতে* বলা হয়েছে—কাম, ক্রোধ, লোভ, সুন্দাদু ভোগ, শৃঙ্গার, পরিহাস, বেশি ঘুমানো এবং চপলতাই আটটি বিষয় ছাত্রদের বর্জন করা উচিত।<sup>১০</sup> আজকের যুগে দেখা যায় ছাত্রদের দ্বারা শিক্ষকরা ঘেরাও যেন একটি দৈনন্দিন ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। অনেক সময় ছাত্র শিক্ষকদের গায়ে হাত তুলতেও দ্বিধাবোধ করছেন না। কিন্তু আমাদের সনাতনশাস্ত্রে জন্মদাতা পিতা মাতার ন্যায় শিক্ষাদাতা আচার্যকেও দেবতার ন্যায় পূজনীয় বলে মানা হয়েছে—‘পিতৃদেব ভব, মাতৃদেব ভব, আচার্যদেব ভব।’ এ প্রসঙ্গে *চাণক্য* বলেছেন—যদি কোন একটি অক্ষর বা শব্দ গুরু শিষ্যকে শেখান তাহলে পৃথিবীতে এমন কোন দ্রব্য নেই যা দিয়ে শিষ্য গুরুর ঋণশোধ করতে পারেন।<sup>১১</sup> বর্তমানে শিক্ষাব্যবস্থার ধরণ ও মান প্রাচীন ভারতীয় শিক্ষাব্যবস্থার থেকে কিছু পরিবর্তন হলেও পড়াশুনা ও আচার-আচরণ, নিয়ম-নীতি শৃঙ্খলা ও কর্তব্যবোধ শেখার অন্যতম কাল হল ছাত্রজীবন। ছাত্ররা যদি সেব ভুলে শুধু-ই উদ্দেশ্য প্রণোদিতভাবে রাজনৈতিক কোন্দলে অহরহ জড়িয়ে পড়েন তাহলে তা হবে মূল্যবোধের অবক্ষয়ের নামান্তর।

## ৭.২. শিক্ষকের মূল্যবোধ :

ছাত্রজীবনে নানা প্রকার মানসিক চাপের সম্মুখীন হতে হয়। পিতা-মাতা-বা শিক্ষকদের কাজ হবে বন্ধুর মত পাশে দাঁড়িয়ে তাঁদের নৈরাশ্যবাদের চিন্তা থেকে মুক্ত করে জীবনকে পূর্ণভাবে গড়ে তোলার পরামর্শ দেওয়া। আচার্য বা শিক্ষক শৃঙ্খলা-নৈতিক শিক্ষা দানের পাশাপাশি বাস্তবে সেটার প্রয়োগ ঘটানোর কৌশল ও প্রক্রিয়া সম্পর্কে শিক্ষা দেবেন। আচার্যের লক্ষণ *মনুসংহিতায়* বলা হয়েছে—যে ব্রাহ্মণ উপনয়ন দিয়ে শিষ্যকে কল্প (বড়স বেদ) ও রহস্যের (উপনিষদ প্রতিপাদিত পরব্রহ্মের জ্ঞান) সাথে সমগ্র বেদশাস্ত্রের অধ্যাপনা করেন তাকে মুনিগণ আচার্য বলেছেন।<sup>১২</sup> এই আচার্যের আচরণ কেমন হবেন সে প্রসঙ্গে *চাণক্য* বলেছেন—দেখে শুনে পা ফেলবেন, অর্থাৎ প্রতিটি পদক্ষেপ (কার্য) হবে সৎ ও যুক্তিনিষ্ঠ। পরিচ্ছন্ন জল পান করবেন, অর্থাৎ জ্ঞানও হবে সৎ কুসংস্কারমুক্ত, যা কিছু গ্রহণ করবেন বিশুদ্ধভাবে বা পরিশীলিত মনে; আচার্যের বচন-ও হবে শাস্ত্রানুসারী এবং আচরণও হবে মনঃপূত অর্থাৎ মানবিক।<sup>১৩</sup> বস্তুত, শাস্ত্রসম্মত কথা বা যথার্থব্যাখ্যা প্রদানকারী এবং ভেবেচিন্তে কর্মসম্পাদক সচ্চরিত্রবান শিক্ষক ছাত্রদের কাছে চিরকাল আদর্শস্থানীয় হয়ে থাকেন। আদর্শ শিক্ষক কখনো বিদ্যাব্যবসায়ী হন না। প্রসঙ্গত, *পঞ্চতন্ত্রে* পণ্ডিত বিষ্ণুশর্মার কথাটি উদাহরণযোগ্য। যেখানে রাজা অমরশক্তি তাঁর মূর্খপুত্রদের অর্থশাস্ত্র শিক্ষার জন্য অনুরোধ জানাচ্ছেন, এবং তার বিনিময়ে তিনি স্বৈচ্ছায় একশটি রাজদান দেওয়ার কথা বলেছেন, সেখানে অশীতিপর বৃদ্ধ পণ্ডিত সিংহনাদ করছেন—‘মহারাজ সত্যিকথা বলছি শুনুন, আমি বিদ্যা বিক্রয় করি না, একশ রাজদানের বিনিময়েও না।’

## ৭.৩ গৃহস্থের মূল্যবোধ

ব্রহ্মার্চ্যদশা শেষ হওয়ার পর যিনি শাস্ত্রসম্মত ভাবে গৃহিণী গ্রহণ করেন তাঁকে বলা হয় গৃহস্থ। এই গৃহস্থ-ই একমাত্র বাগ-যজ্ঞ, পূজা-অর্চনা করার অধিকারী, মানুষ জন্ম থেকে ঋণ নিয়ে জন্মায়, পিতৃঋণ, আচার্য বা ঋষিঋণ ও দৈবঋণ। শ্রাদ্ধাদির দ্বারা পিতৃঋণ, অতিথিসেবার মাধ্যমে মনুষ্যঋণ, বেদাদিশাস্ত্রচর্চার দ্বারা ঋষিঋণ এবং দেবতার অর্চনা পূজাপ্রভৃতি দ্বারা দৈবঋণ শোধ করতে হয়। *শান্তিসূক্তে* বলা হয়েছে—এই সংসার অরণ্য ভয়ানক, শরীর

গৃহস্থিদ্ৰবহুল, মহাকাল বলবান, মোহরজনী সর্বদা অন্ধকারপূর্ণ, তাই ওগো মানুষ—জ্ঞানের তরবারি হাতে নিয়ে অনাসক্তি ফলক এবং চরিত্র-কবচ ধারণ করে একাথচিত্তে স্থিরচিত্তে জেগে থাকে।<sup>১৩</sup> গৃহস্থকে পিতা-মাতা-পত্নী-পুত্র-ভাই-বোন সকলকে সঙ্গে নিয়ে মাথা ঠাণ্ডারেখে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে তার গার্হস্থ্যধর্ম পালনের উপদেশ দেওয়া হয়েছে। নিষ্ঠাসহকারে গার্হস্থ্যধর্ম পালনের জন্য গৃহস্থ্যশ্রমে একজন গৃহস্থকে যোগীর সংগে তুলনা করা হয়েছে। একান্নবর্তী পরিবারে সকলকে নিয়ে সুখে শান্তিতে থাকার জন্য শান্তিশতকের এই উপদেশ আমাদের সর্বদা মাথায় রাখতে হবে। যেখানে বলা হয়েছে—ধৈর্য (ধৃতি) যাঁর পিতা, ক্ষমা যাঁর মাতা, শান্তি যাঁর গৃহিণী, সত্য যাঁর পুত্র, দয়া যাঁর ভগিনী, মনঃসংযম যাঁর ভ্রাতা, ভূমি যাঁর শয্যা, দিকসমূহ যাঁর বসন (দিগম্বর), জ্ঞানামৃত যাঁর আহার—এই সব আত্মীয়বর্গ বা সন্ধ্যুণাবলীর সঙ্গে যাঁর সহাবস্থান গহনসংসারে তাঁর মত যোগীর কোন ভয় নেই।<sup>১৪</sup> অনুরূপ ভাবনার নিদর্শন অতি সংক্ষেপে চাণক্যনীতিতেও পাওয়া যায়।<sup>১৫</sup> লক্ষণীয়, শান্তিশতকে যে পরিবারের কথা বলা হয়েছে সেই পরিবার শুধু আত্মীয় পরিজন নিয়ে এই একান্নবর্তী পরিবার নয়, এই পরিবারের পরিসর অনেক বড়, বিশ্ববিমণ্ডিত এই পরিবার। এ যেন সেই 'বসুন্ধেব কুটুম্বকের ভাবনা। সেখানে তাই ভূমি যেমন শয্যা, আকাশ হল চাঁদোয়া, বাতাস হল ব্যজন (পাখার হওয়া), (সূর্য) চন্দ্র-ই হল দেদীপ্যমান দীপ, ধৈর্যরূপ বনিতা হল সহায়'<sup>১৬</sup>—এমন উদার ব্যক্তির সঙ্গসুখে যাঁরা অবস্থান করেন তাঁদের মত সুখী এই ত্রিভুবনে দ্বিতীয়টি আর নেই। এই উদার ভাবনা যেন ক্রমশ আজ স্বার্থের যুপকাঠে আত্মবলিদানে নিমগ্ন। একবার ফিরে দেখা উচিত, স্বার্থের বা মোহের বশবর্তী হয়ে আমরা কোন সুখের পিছনে ছুটে চলেছি? তাতে আদৌ আমরা কতটা সুখী?

সাংসারিকজগতে আমাদের যাবতীয় দুঃখের কারণ হল লোভ। এই লোভকে দূর করতে পারলেই যাবতীয় সিদ্ধি করতলগত হয়। এই লোভকে শিলহন তাঁর শান্তিশতকে—বিষয় লোলুপ মনকে আমিষলোলুপ মার্জারের সঙ্গে তুলনা করেছেন।<sup>১৭</sup> বিড়াল যেমন কিছুতেই তার লোভকে সংবরণ করতে পারে না, আমিষে মুখ দেয় এবং ফলস্বরূপ মার খায় এবং আবার একটু বাদেই সেই আমিষে মুখ দিয়ে গুরুতর মার খাওয়ার কারণ হয়—মানুষের মনও তেমনি বারংবার লোভনীয় বিষয়ে আকৃষ্ট হয় এবং দুঃখযন্ত্রণা ভোগ করে আবার নির্বোধের মত তার প্রতি ধাবিত হয়। বিষয়রূপ আমিষের লোভে মন চক্ষু-কর্ণ-প্রভৃতি ইন্দ্রিয়গুলিকে চালনা করে। আর ইন্দ্রিয়গুলিও তাদের ভোগযোগ্য বিষয়ের (চক্ষু রূপের, কর্ণ শব্দের, নাসিকা গন্ধের, জিহ্বা রসের, ত্বক ও স্পর্শের) প্রতি নিরন্তর ধাবিত হয়। নীতিগ্রন্থে বিষয়কে তীব্র অঙ্গারের সঙ্গে কিংবা বিষের সঙ্গে তুলনা করা হয়েছে। পতঙ্গ যেমন প্রজ্বলিত প্রদীপ শিখায় ঝাঁপ দেয়, মাছ না বুঝেই যেমন মাংসে আচ্ছাদিত বড়শি গ্রাস করে, বিশালকার হস্তি যেমন হস্তিনীর স্পর্শসুখের নিমিত্ত ফাঁদে আবদ্ধ হয়, বাঁশির শব্দের আকৃষ্ট হয়ে হরিণ যেমন মৃত্যুকেই বরণ করে নেয় (ব্যাধের কাছে ধরা দেয়) তেমনি এই বিষের ন্যায় বিষয়সমূহের মোহে আমাদের পতন ঘটে। যেখানে একটি একটি বিষয়ের প্রতি আকর্ষণ যেকোন সময় যে কারুর মৃত্যুর কারণ হতে পারে, সেখানে একসঙ্গে অনন্ত বিষয়ভোগের বাসনা আমাদের জীবনকে যে অতিষ্ঠ করে তোলে তা আর বলার অপেক্ষা রাখে না।<sup>১৮</sup> কিন্তু সবকিছু বিবেচনা করেও বিষয়ভোগের লোভ সহজে ছাড়া যায় না, সেজন্য কঠোরসংযমী হওয়া দরকার। অনিয়ন্ত্রিত-বিষয়-বাসনা মনুষ্যত্বকে বিনাশ করে। নিরন্তর ইন্দ্রিয়সংযম অভ্যাসের মাধ্যমে জীবনকে সুনির্দিষ্ট অভিমুখে বা বাঞ্ছিত লক্ষ্যে নিয়ে যাওয়া যায়। বস্তুত, ইন্দ্রিয়সংযম অভ্যাসের মাধ্যমেই মূল্যবোধের যথার্থ উপলব্ধি ঘটে।

#### ৭.৪ গৃহিণীর কর্তব্য

পরিবার পরিপালনে গৃহিণীর সুমহান দায়িত্বের কথা নীতিশাস্ত্রে বলা হয়েছে। একজন গৃহস্থের সুরম্য গৃহ

থাকলেই তিনি গৃহস্থ নন। সুদক্ষ, সুশীলা গৃহিণী থাকার জন্য-ই তিনি প্রকৃতপক্ষে গৃহস্থ বলে বিবেচিত হন।—ন গৃহং গৃহমিত্যাঙ্কঃ, গৃহিণী গৃহমুচ্যতে। গৃহিণী শুধু গৃহের শোভাবর্ধনকারী নন, গৃহের সামগ্রিক উন্নতি বিধানে আদর্শ গৃহিণীর অস্তিত্ব কতটা গুরুত্বপূর্ণ তা সংসারচক্রে না প্রবেশ করলে বোঝা যায় না। বৈদিক সাহিত্যে নবধূকে পরিবারের সকলের উপর আধিপত্য বিস্তারের কথা আছে। এই অধিকার সম্বন্ধে অধিকার, কর্তব্যের অধিকার, দায়িত্ব পালনের অধিকার। গৃহের ভালো-মন্দ, উন্নতি অবনতি অনেকটাই গৃহিণীর উপর নির্ভরশীল। তাই গৃহিণী যাতে তাঁর কর্তব্য থেকে বিন্দুমাত্র চ্যুত না হন, তাঁর পরিবার পালনরূপ কর্মে বিন্দুমাত্র অবহেলা না করেন, স্বামী, সন্তান, শ্বশুর, শাশুড়ী, ননদ, দেওর প্রভৃতি আত্মীয়স্বজন সকলের প্রতি কর্তব্যপরায়ণ হন সেই দিকটি বারংবার সতর্ক করা হয়েছে। আজকের যুগে নারীরা শিক্ষায়-দীক্ষায় অনেক উন্নতিলাভ করলেও পরিবার সমালানোয় তাঁদের জুড়িমেলা ভার। পরিবারে সর্বদা অব্যভিচারী, বশীভূতা গৃহিণীর প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে। হিতোপদেশে-র একটি গল্পে দেখা যায় বীরপুর নামে নগরের শাসক হিসেবে নিযুক্ত রাজপুত্র যখন নগরী ভ্রমণের সময় এক বণিকপুত্রের যৌবনবতী স্ত্রীর লাবণ্যে আকৃষ্ট হয়ে তাঁর নিকট দূতী পাঠান, সেখানে দূতীর মুখে রাজকুমারের প্রণয় বচন শুনে-লাবণ্যবতী জানান—যে তিনি হলেন পতিব্রতা স্ত্রী। তাই স্বামীর প্রতি বিশ্বাসঘাতকতার মত নিষ্ঠুর কাজ তিনি কী ভাবে করবেন। এরপর তাঁর মুখেই শোনা যায় গৃহে আদর্শগৃহিণীর বা স্ত্রীর ধর্মের কথা। তাঁর মতে—তিনিই প্রকৃত ভার্যা, যিনি গৃহকর্মে নিপুণ, যিনি সন্তানবতী, যিনি পতিব্রতা, যার কাছে স্বামীই একমাত্র ধ্যানও জ্ঞানের পাত্র। যে ভার্যার প্রতি স্বামী সন্তুষ্ট নন, তাঁকে ভার্যা বলাই উচিত নয়। নারীদের স্বামী তুষ্ট হলে সকল দেবতাই সন্তুষ্ট হন।<sup>১০</sup> স্বামীর আদেশ-ই হল স্ত্রীর শিরোধার্য। অতএব স্বামীর অবর্তমানে বা স্বামীর অজান্তে স্ত্রীটি যখন পরপুরুষে (উপপতির প্রতি) আকৃষ্ট হয়ে গৃহের বাইরে বেরুতে গেছেন তখন নানা উপদেশের দ্বারা সেই অবৈধ ইচ্ছাকে নিবারিত করে তাঁকে গৃহে আটকে রাখার কিংবা সংসারের প্রতি মনোনিবেশ করানোর ব্যবস্থা দেখা যায় নীতিসাহিত্যে।

### ৯. উপসংহার :

সম্প্রতি বিকাশ ভবন সূত্রে খবর—কেন্দ্রিয়মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের তত্ত্বাবধানে ন্যাশনাল ইউনিভার্সিটি অফ এডুকেশনাল প্ল্যানিং এণ্ড এডমিনিষ্ট্রেশন বা নুয়েপার অধীনে থাকা শালাসিদ্ধিপ্রকল্প (পাঠশালার শালা এবং সিদ্ধিলাভের সিদ্ধি), পড়ুয়াদের মধ্যে প্রচার চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। যার উদ্দেশ্য হল—পড়ুয়াদের মধ্যে নীতিবোধ ও মূল্যবোধ জাগরণ ঘটানো। পরিষ্কার পরিচ্ছন্নতার পাঠ, দলবদ্ধভাবে কাজ করার পাঠ। এটি একটি উত্তমপ্রস্তাব। তবে তরুণ প্রজন্মের মধ্যে নীতিবোধের অভাব নিয়ে সম্প্রতি শিক্ষামন্ত্রী যে হতাশ হয়েছেন; তাঁর মতে—‘পড়াশুনা করে শুধু ভালো ছাত্র হলেই হবে না, মানুষের মত মানুষ হতে হবে। ক্লাসে ভাল নম্বর নিয়ে পাশ করল অথচ তার মধ্যে কোন নীতিবোধ না থাকলে না সে আসলে মানুষ-ই নয়।’ (আনন্দবাজার পত্রিকা) আসলে নৈতিক মূল্যবোধের অবক্ষয়ের এই দায় শুধু ছাত্রদের উপরে চাপিয়ে নিজেদের দায় ঝেড়ে ফেললে চলবে না। কামন্দকীয়নীতিশাস্ত্রে বলা হয়েছে—রাজা আগে নিজে বিনীত অর্থাৎ বিনয়শিক্ষা অভ্যাস করবেন, তারপর তাঁর অমাত্যদের শিক্ষার ব্যবস্থা করবেন, তারপর তাঁর পুত্রকে বিনীত করবেন তার পর প্রজাদের বিনয় শিক্ষার পরামর্শ দেবেন। মহাভারতও বলেছে—রাজার আচরণ প্রজারা শেখেন। অতএব রাজা বা রাজস্থানীয়ব্যক্তি যদি উদ্ধত হন, রাজা যদি রাজধর্ম পালনরূপ মূল্যবোধকে অগ্রাহ্য করে দুর্নীতি-দুরাচারী-দুবৃত্তদেরকে প্রশ্রয় দেন, বা তাঁদের প্রতি উদাসীন থাকেন, বিভাজন নীতিকে কাজে লাগিয়ে গোষ্ঠীদ্বন্দ্বকে জিয়িয়ে রাখেন, রাজা যদি অমানবিক, অসহনশীল হন তাহলে প্রজারা তাঁকেই অনুসরণ করবেন। ফলত, এই মূল্যবোধ গঠনের প্রাথমিক দায়িত্ব ছাত্রসমাজের উপর ছেড়ে দিলেও তাঁদের সামনে আদর্শস্থানীয় আছেন রাজার স্থানাসীন রাজনৈতিক নেতারা বা প্রশাসনিক কর্মকর্তারা।

অতএব তাঁদের আচার আচরণ বিনীত ও সংযত হওয়া দরকার। উদ্ধত হলে তাঁদের যথাযথ ব্যবস্থার মাধ্যমে তাঁদের নিয়ন্ত্রণ করা দরকার। কারণ, তাঁদের ভাবমূর্তি সমাজে একটা গভীর প্রভাব ফেলে। তবে শিশুশিক্ষার্থীদের প্রতি নজরদারি ও সতর্ক করার প্রাথমিক দায়িত্ব পরিবারের পিতা-মাতা ও গুরুজনদের এবং বিদ্যালয় গণ্ডীর মধ্যে শিক্ষকদেরও নিতে হবে। ছোট্ট একটি গল্প, যেখানে মূল্যবোধ ধরে রাখার গুরুত্ব বা তার বিলুপ্তির পরিণাম কিছুটা হলেও বোঝা যাবে।

বিশ্বকর্মা পূজা। পাড়ার ছেলেরা লাটাই হাত সবাই ঘুড়ি ওড়াচ্ছে, কাটকুটিও খেলছে। ভীষণ মজা। ছোট ছেলেরাও ওদেরই মত ঐ ঘুড়ি ওড়াতে চায়। ঘুড়িতে সুতো বেঁধে লাটাই হাতে বাবা তাঁকে নিয়ে যান ছাঁদের উপর। বাবা হাওয়ায় সুতো বাঁধা ঘুড়িটি ছেড়ে একটু একটু টানতে থাকেন আর একটু একটু সুতো ছাড়েন। তাতে ঘুড়িটি ক্রমশ মাটি থেকে অনেক উপরে ওঠে। একসময় অনেক ঘুড়ির সঙ্গে নিজের ঘুড়িটিও উপরে উড়তে দেখে ছেলেরা আনন্দ আর ধরে না। ছেলের আনন্দে বাবারও আনন্দ। একসময় একটু কম হাওয়ার ঘুড়িটি নীচে নেমে যেতে থাকলে বাবা সুতোয় মারেন টান, ঘুড়িটি আবার উপরে উঠে যায়। কিন্তু একটা নির্দিষ্ট পরিসীমার উপরে ঘুড়িটি আর ওঠে না। উপরেও দূরের কিছু ঘুড়ি দেখে ছেলেরা ভাবলো যে লাটাইতে আর সুতো না থাকায় কিংবা বাবা সুতোটিকে টেনে ধরে রাখায় বোধহয় তার ঘুড়িটি আরো দূরে বা আরো উপরে ওঠার ইচ্ছা থাকলেও উড়তে পারছে না। সবার উপর নিজের ঘুড়িটিকে দেখার জন্য হঠাৎ আবেগ বশত ছেলেরা তার বাবার হাত থেকে লাটাইটি নিয়ে সুতোটি ছেড়ে/কেটে দেয়। এরপর যা হওয়ার তাই হয়। ঘুড়িটি হাওয়ায় ঘুরপাক খেতে খেতে ক্রমশ অদৃশ্য হয় এবং মাটিতে পড়ে যায়। ঘুড়িটিকে হারিয়ে ছেলেরা কান্না আর থামে না। যাইহোক, এখানে মাটি থেকে উড়ন্তীয়মান ঘুড়িটি হল সমাজ বা সভ্যতার অগ্রগতি। আর পিতার হাতে ধরে থাকা সুতোটি হল মূল্যবোধের সুতো। যতক্ষণ পর্যন্ত বাবা সেটার দায়িত্ব নিয়ে সেটা ধরে ছিল, প্রয়োজনে টান ছিল আবার টিলে দিচ্ছিল ততক্ষণ পর্যন্ত ঘুড়িটিও ঠিকঠাক ছিল এবং নির্দিষ্ট উপরেই উড়ছিল। কিন্তু যখন নির্বোধ ছেলের মনে হল সুতো বেঁধে ঘুড়িকে আটকে রাখা হয়েছে (মনে হতে পারে মূল্যবোধের দোহাই নিয়ে নিজেদের (অনিয়ন্ত্রিত) ইচ্ছাগুলিকে মূল্য দেওয়া হচ্ছে না) তাই (হঠকারিতা বশত) বাবার হাত থেকে লাটাইটি নিয়ে ছেলেরা যখন সেই সুতোটি কেটে দিল তখন কৃতকর্মের পরিণতি দেখে তাঁর আর আফশোসের সীমা থাকল না। মনটি দুঃখে অতিশয় ভারাক্রান্ত হয়ে গেল। আসলে নির্বোধ ছেলের হঠকারী সিদ্ধান্ত হল এযুগের অতিসাহসী ছেলের প্রাচীন মূল্যবোধকে অস্বীকার করার মত-ই আহম্মক সিদ্ধান্ত। নিজের কৃতকর্মে শেষপর্যন্ত ঘুড়িটিকে হারিয়ে ছেলের আফশোস আসলে আমাদের অদম্য ইচ্ছার তথা হঠকারী সিদ্ধান্তের চরম পরিণতি ভোগের একটা দৃষ্টান্ত। বস্তুত, মূল্যবোধকে অস্বীকার করে আমাদের সমস্ত এগিয়ে যাওয়ার স্বপ্ন ঐ সুতো কাটা ঘুড়ির ন্যায় এক মুহূর্তে মাটিতে মিশে যেতে পারে। আমাদের গর্বের যেসমাজ-সংস্কৃতির ধ্বজা এখনো উড়ন্তীয়মান আছে, মূল্যবোধ বিলুপ্ত হলে সেই আবহমান সাংস্কৃতিক ঐতিহ্যের বিলুপ্তি ঘটবে। যার পরিণতে দেখা দেবে চরমবিশৃঙ্খলা, তখন শুধু হাহাকার আর আফশোস করা ছাড়া আর কিছু করার থাকবে না।

### পাদটীকা

- ১। সর্বাভীষ্টকরং নীতিশাস্ত্রং স্যাৎ সর্বসম্মতম্। অত্যাব্যশ্যং নৃপস্যাপি স সর্বেষাং প্রভূর্বতঃ।। শুক্ত, ১.১২
- ২। ধর্মার্থকামমোক্ষাণাং যস্যৈকোপি ন বিদ্যতে। অজাগলন্তনস্যেব তস্য জন্ম নিরর্থকম্।। হিত. (প্রস্তাবিকা) ২৬
- ৩। আহারনিদ্রাভয়মৈথুন্যং চ সামান্যমেতত পশুভির্নাগাম্।  
ধর্মো হি তেষামধিক্যে বিশেষ্যে। ধর্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ।। হিত. ১.২৫

- ৪। মহা. ১২.১০৯.১১
- ৫। ঐশ্বর্যস্য বিভূষণং সুজনতা শৌর্যস্য বাকসংযমো...সর্বেষামপি সর্বকারণমিদং শীলং পরং ভূষণম্। নীতি, ১.৮২
- ৬। দাক্ষিণ্যং স্বজনে দয়া পরজনে শাঠ্যং সদা দুর্জনে প্রীতিঃ সাধুজনে নরো নৃপোজনে বিদ্বজনে'প্যার্জবম্।  
শৌর্যং শত্রুজনে ক্ষমা গুরুজনে নারীজনে ধূর্ততা যে চৈবং পুরুষাঃ কলাসু কুশলাস্তেদেব লোকস্থিতিঃ।। নীতি.২২
- ৭। মনসি বচসি কায়ে পুণ্যপীযুষপূর্ণ্যঃ উপকারশ্রেণিভিঃ প্রীণয়ন্তঃ।। নীতি, ৭৮
- ৮। যন্নবে ভাজনে লগ্নঃ সংস্কারো নান্যথা ভবেৎ। কথাচ্ছলেন বালানাং নীতিস্তুদিহ কথ্যতে।। হিত. প্রস্তাবিকা-৮
- ৯। কামং ক্রোধং তথা লোভং স্বাদং শৃংগারকৌতুকেয।  
অতিনিদ্রাহ'তিসেবে চ বিদ্যার্থী হ্য অষ্ট বর্জয়েৎ।। চাণক্য ১১.১০
- ১০। একমেবান্ধরং যস্ত গুরুঃ শিষ্যং প্রবোধয়েতৎ। পৃথিব্যাং নাস্তি তদ্রব্যং যদত্ৰা চা হ'নৃণী ভবেৎ।। চাণক্য ৫.২
- ১১। উপনীয় তু যঃ শিষ্যঃ বেদমধ্যাপয়েদ্ভিজঃ। সকল্লং সরহস্যং তমাচার্যং প্রচক্ষতে। মনু. ২.১৪০
- ১২। দৃষ্টিপূতং ন্যসেত্পাদং বস্ত্রপূতং জলং পিবেত। শাস্ত্রপূতং বদেৎ বাক্যং মনঃপূতং সমাচরেৎ।। চাণক্য. ১০.২
- ১৩। ভবারণ্যং ভীমং তনুগৃহমিদং ছিদ্রবহুলং বলী কালশেটোরো নিয়তমসিতা।  
গৃহীত্বা জ্ঞানাংসি বিরতিফলকং শীলকবচং সমাধানং কৃত্বা স্থিরতরদৃশো জাগৃত জনাঃ। শান্তি. ৩.৩
- ১৪। ধৈর্য্যং यस্য পিতা ক্ষমা চ জননী শান্তিশ্চিরং গেহিনী সত্যং সুনুরয়ং দয়া চ ভগিনী ভ্রাতা মনঃসংযমঃ।  
শয্যা ভূমিতলং দিশোহ'পি বসনং জ্ঞানামৃতং ভোজনং এতে यस্য কুটুম্বিনো বদ সখে কস্মাস্তুরং যোগিনঃ।। তদেব. ৪.৯
- ১৫। তুল. সত্যং মাতা...চাণক্য. ১২.১০
- ১৬। মহাশয্যা ভূমির্মসৃগমুপধানং ভুজলতা। বিতানঞ্চাকাশং ব্যাজনমনুকুলোহ'বমনিলঃ।  
স্ফুরচ্ছন্দ্রো দীপঃ স্বধৃতিবনিতাসঙ্গমুদিতঃ সুখং শান্তঃ শেতে...। শান্তি. ৪.৮
- ১৭। দুঃখাদ্ভারকতীরঃ সংসারো'য়ং মহানসো গহনঃ।  
ইহ বিষয়ামিষলালস মানস-মার্জার মা নিপত।। শান্তি. ৩.১৪
- ১৮। একৈকশো বিনিয়ুন্তি বিষয়া বিষমিভাঃ। ক্ষেমী নু স কথং বা স্যাদ্ যঃ সমং পঞ্চ সেবতে।। কাম. ১.৪৯
- ১৯। হিত. ১.১৯৭-১২৮

### গ্রন্থপঞ্জি

- কামন্দক. কামন্দকীয়নীতিসার. রাজেন্দ্র লাল মিত্র (সম্পা.), কোলকাতা: এশিয়াটিক সোসাইটি, ২০০৮ (পু. মু.).
- কামন্দক. কামন্দকীয়নীতিসার. মানবেন্দু বন্দ্যোপাধ্যায় (সম্পা.), কোলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৯৯.
- চাণক্য-নীতি-শাস্ত্র-সমীক্ষা. সত্যনারায়ণ চক্রবর্তী (সম্পা.), কোলকাতা: ১৯৯৫.
- ঝা. নরেশ. (সম্পা.) চাণক্যনীতিদর্পণ. বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০১৫.
- ভর্তৃহরি. শতকব্রয়. যুথিকা ঘোষ (সম্পা.), কলিকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ১৯৯১.
- নারায়ণ. হিতোপদেশ. এম. আর. কালে (সম্পা.), দিল্লী: বারাণসী: পাটনা: মোতিলাল বনারসী দাস পাবলিশার্স (প্রাঃ লিঃ),  
১৯৬৭ (৬ষ্ঠ সং).
- বাস. মহাভারতম্, হরিদাস সিদ্ধান্তবাগীশ (সম্পা.), কোলকাতা: বিশ্ববাণী প্রকাশন, ১৪০০ বঙ্গাব্দ (২য় সং).
- বিষ্ণুশর্মা. পঞ্চতন্ত্রম্, এম. আর. কালে (সম্পা.), দিল্লী: বারাণসী: পাটনা: মোতিলাল বনারসী দাস পাবলিশার্স (প্রাঃ লিঃ),  
১৯৯২ (৩য় সং).
- মনু. মনুসংহিতা, মানবেন্দু বন্দ্যোপাধ্যায় (সম্পা.), কোলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১০ (বঙ্গাব্দ).
- শিলহর্গমিশ্র, শান্তিশতক. সত্যনারায়ণ চক্রবর্তী (সম্পা.), কলিকাতা: ১৯৯৬.
- জগদীশচন্দ্র. গুরুনীতি. বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০০৯.

सांख्यनये गुणत्रयस्य स्वरूपं जगत्सृष्टौ तेषामुपयोगित्वञ्च-एको विमर्शः

चिन्मय-मण्डलः

वेदप्रामाण्यानुसारं भारतीयदर्शनम् आस्तिकं नास्तिकं चेति भागद्वये विभक्तं जातम् । तत्र आस्तिकदर्शनेषु प्राचीनतमं खलु सांख्यदर्शनम् । भगवता महर्षिणा कपिलेन सांख्यदर्शनं प्रणीतं जातम् । महर्षिकपिलप्रणीतेषु सांख्यसूत्रेष्वपि सांख्यप्रवचनभाष्यमपि रचितं जातम् । सांख्यप्रवचनभाष्यं खलु विज्ञानभिक्षुणा रचितं जातम् । सांख्यदर्शनस्य प्रामाणिको ग्रन्थः खलु ईश्वरकृष्णेन विरचिता सांख्यकारिका । सांख्यनये जगत्प्रपञ्चानां मूलकारणं खलु प्रकृतिः । प्रकृतिः खलु त्रिगुणात्मिका । सत्त्वगुणात्मिका, रजोगुणात्मिका, तमोगुणात्मिका चेति । तत्र गुण इत्युक्तेः वस्तुनः साधारणो धर्म एव न बोध्यते, परन्तु जीवानां बन्धनकारणमेव । वाचस्पतिमिश्रपादैर्विरचितायाः तत्त्वकौमुदीटीकाया मङ्गलश्लोकेऽस्ति—'अजामेकां लोहितशुक्लकृष्णां बह्वीः प्रजाः सृजमानां नमामः' ।<sup>१</sup> अत्र अजा इत्यनेन प्रकृतेर्ग्रहणम् । 'न जायते या' इति व्युत्पत्त्या अजा-शब्देन उत्पत्तिरहिता प्रकृतिः सूचिता । 'लोहितशुक्लकृष्णामि'ति पदेन च सत्त्वरजस्तमोगुणानां च ग्रहणम् । एतेषां गुणानां साम्यावस्था खलु प्रकृतिः । प्रकृतेर्लोहितेति विशेषणेन रज्जकवती-रजोगुणात्मिका, शुक्लेति विशेषणेन प्रकाशवती-सत्त्वगुणात्मिका, कृष्णेति विशेषणेन आवरकवती-तमोगुणात्मिका प्रकृतिः सूचिता । भगवता श्रीकृष्णेनापि श्रीमद्भगवद्गीतायामपि एते गुणाः प्रकृतिसम्भवा इत्युक्तम्—'सत्त्वं' रजस्तम इति गुणाः प्रकृतिसम्भवाः ।<sup>२</sup> महर्षिशंकरप्रणीते गीताभाष्ये<sup>३</sup> लोहितशब्देन तेजसः, शुक्लशब्देन अपाम्, कृष्णशब्देन च पृथिव्याः ग्रहणमस्ति ।

परन्तु किं तावत् सांख्यस्वीकृतानां गुणानां स्वरूपम्? इत्याकाङ्क्षायां साधूक्तम् ईश्वरकृष्णेन सांख्यकारिकाग्रन्थे—

“प्रीत्यप्रीतिविषादात्मकाः प्रकाशप्रवृत्तिनियमार्थाः ।

अन्योन्याभिभवाश्रयजननमिथुनवृत्तयश्च गुणाः ॥”<sup>४</sup>

कारिकायाः अर्थस्तावद्-सत्त्वगुणं खलु सुखस्वरूपम्, रजोगुणं खलु दुःखस्वरूपम्, तमोगुणं खलु मोहस्वरूपम् । प्रकाशः खलु सत्त्वगुणस्य प्रयोजनम्, प्रवृत्तिश्च रजोगुणस्य प्रयोजनम्, नियमनञ्च तमोगुणस्य प्रयोजनम् । एतेषां गुणानां का वृत्तिः? इत्याकाङ्क्षायामुच्यते—एते गुणाः अन्योन्याभिभवाः, अन्योन्याश्रयाः, अन्योन्यजननाः, अन्योन्यमिथुनाश्च । अस्यां कारिकायाम् आत्मशब्देन स्वरूपमुच्यते । परमतनिराकरणार्थम् आत्मशब्दस्य प्रयोजनमिति वाचस्पतिमिश्रपादानामभिमतम् । कारिकायामस्यां प्रकाशशब्दस्यार्थो ज्ञानम्, प्रवृत्तिशब्दस्यार्थः प्रयत्नः । पराभव इत्यर्थे अभिभवशब्दस्य प्रयोगोऽस्ति । आश्रयशब्दस्यार्थः

सहकारित्वमिति । गुणत्रयस्य नामानि तेषां भेदकारसाताविषये च सांख्यकारिकाग्रन्थे वर्णितमस्ति—

“सत्त्वं लघु प्रकाशकमिष्टमुपष्टम्भकं चलं च रजः ।

गुरु वरणकमेव तमः प्रदीपवच्चार्थतो वृत्तिः ॥”<sup>१५</sup>

अतएव सत्त्वं, रजः, तमश्च सांख्यनिर्दिष्टाः गुणाः । लघुता प्रकाशकञ्च सत्त्वगुणस्य धर्मः । लघुशब्दस्य च कोऽर्थ इत्यस्मिन् विषये तत्त्वकौमुदीटीकायामुक्तं—‘कार्योद्गमने हेतुर्धर्मो लाघवम्’<sup>६</sup> लाघवमेव कस्यचित् पदार्थस्य ऊर्ध्वोद्गमने हेतुः । यथा वायोः । सत्त्वगुणस्य आधिक्यवशाद् अन्तःकरणं पवित्रं भवति । पुरुषार्थलाभाय च सत्त्वगुणः मनुष्याणामिष्टभूतः । उपष्टम्भकमित्यस्य अर्थः आरम्भकं चालकं वा । अतएव रजोगुणः खलु चालकः चञ्चलश्चः । रजः सत्त्वं तमं आत्मानं च चालयति । उक्तञ्चेदं तत्त्वकौमुदीटीकायाम्—‘रजस्तु चलतया परितस्त्रैगुण्यं चालयेत्’<sup>७</sup> रजोगुणाधिकारिणो जनस्य चित्तं चञ्चलं भवति । तमोगुणो भवति गुरुः वरणकश्च । कारिकायामस्यां वरणकमित्यस्यार्थ आवरणकमेव । यद्यपि एते गुणाः परस्परविरोधिणः तथापि कार्यसिद्धये पुरुषार्थसिद्धये वा एतेषां गुणानां प्रदीपवद्वृत्तिर्दृश्यते । तत्त्वकौमुदीटीकायां वृत्तमेतत् सुव्याख्यातमस्ति—“यथा च वातपितश्लेष्माणः परस्परविरोधिनः शरीरधारणलक्षण-कार्यकारिणः, एवं सत्त्वरजस्तमांसि मिथो विरुद्धान्यप्यनुवत्स्यन्ति स्वकार्यं करिष्यन्ति च ।”<sup>८</sup> श्रीमद्भगवद्गीतायामपि भगवता श्रीकृष्णेन सत्त्वगुणविषये उक्तम्—

“तत्र सत्त्वं निर्मलत्वात् प्रकाशकमनामयम् ।

सुखसङ्गेन बध्नाति ज्ञानसङ्गेन चानघ ॥”<sup>९</sup>

सांख्यदर्शने पञ्चविंशतितत्त्वानि व्यक्ताव्यक्तज्ञ इति त्रिधा विभज्यन्ते । तत्र ज्ञ-पदेन पुरुषस्य, अव्यक्त-पदेन प्रकृतेः, व्यक्त-पदेन च महदादित्रयोविंशतितत्त्वानां निर्देशोऽस्ति । त्रैगुण्यधर्मसमन्वयात् महदादिव्यक्ततत्त्वानां प्रकृतेश्च अविवेकित्वं सिद्धम् । परन्तु त्रैगुण्यधर्माभावात् पुरुषे तद्विपर्ययो विवेकित्वं च दृश्यते । साधूक्तं सांख्यकारिकायाम्—‘अविवेक्यादेः सिद्धिः त्रैगुण्यात्तद्विपर्ययेऽभावात्’<sup>१०</sup> अन्वयव्यतिरेकव्याप्तिभ्यां हेतुसाध्ययोः सामानाधिकरण्यं साधितं भवतीति । तथापि कथं व्यतिरेकव्याप्तिः ईश्वरकृष्णेन दर्शिता ? इत्यस्मिन् विषये वाचस्पतिमिश्रपादैः तत्त्वकौमुदीटीकायां व्याख्यातम्—“यद्यत् सुखदुःखमोहात्मकं तत्तदविवेकित्वादियोगि, यथेदमनुभूयमानं व्यक्तम्...’ इति स्फुटत्वादन्वयो नोक्तः ।

१११

सांख्यनये जगत्सृष्टौ मूलकारणमेव प्रकृतिः । प्रकृतेः परिणामस्वरूपं खलु इदं जगत् । अस्या मूलप्रकृतेरवस्थाद्वयं विद्यते । यथा—साम्यावस्था वैषम्यावस्था चेति । प्रलयकाले प्रकृतेः साम्यावस्था सृष्टिकाले च वैषम्यावस्था दृश्यते । प्रलयकाले गुणत्रयस्य साम्यावस्था दृश्यते । परन्तु सृष्टिकाले गुणत्रयस्य विशेषो दृश्यते । सांख्यकारिकायामेतद् उल्लिखितमस्ति—

“कारणमस्त्यव्यक्तं प्रवर्तते त्रिगुणतः समुदयाच्च ।

परिणामतः सलिलवत्प्रतिगुणाश्रयविशेषात् ॥”<sup>१२</sup>

सलिलं यथा सहकारिकारणभेदाद् भिन्नरूपेण परिणमति, तथा त्रिषु गुणेषु कस्यचिद् गुणस्य प्राधान्यं सहकारिकारणसहयोगेन च वस्तूनां भेदो परिलक्ष्यते । दृश्यते च अस्मिन् जगति परिणामी अपरिणामी च भेदेन कारणं द्विविधम् । घटं प्रति मृत्तिका अपरिणामिकारणम् । परन्तु दधिं प्रति दुग्धं परिणामिकारणम् ।

जगत्प्रपञ्चानां सहकारिकारणं खलु गुणत्रयमिति सांख्यनये प्रपञ्चितम् । बुद्धेरष्टविधाः प्रयत्नाः सांख्यदर्शने निर्दिष्टाः । तेषु धर्मो, ज्ञानं, विरागः, ऐश्वर्यञ्चेति विभागेषु सात्त्विकगुणस्य प्राधान्यं परिलक्ष्यते । परन्तु एतद्विरोधेषु अधर्मः, अज्ञानम्, अवैराग्यम्, अनैश्वर्यमिति विभागेषु तमोगुणस्य प्राधान्यं दृश्यते । अन्तःकरणस्य अभिमानात्मका वृत्तिः अहंकार इत्युच्यते । सात्त्विकाहंकाराद् एकादश इन्द्रियाणि तामसिकाहंकाराच्च पञ्च तन्मात्राणि उत्पाद्यन्ते । तत्र वैकृतात्मकात् सात्त्विकाहंकाराद् एकदश इन्द्रियाणि उत्पद्यन्ते, भूतादिनामकात् तमसाहंकाराद् शब्दादयः पञ्च तन्मात्राणि, तैजसनामकाद् राजसाहंकाराच्च इन्द्रियाणि तन्मात्राणि च युगपद् उत्पाद्यन्ते । यथा चोक्तं सांख्यकारिकाग्रन्थे—

“सात्त्विक एकादशकः प्रवर्तते वैकृताहंकारात् ।

भूतादेस्तन्मात्रः सः तमसस्तैजसादुभयम् ॥”<sup>१३</sup>

गुणत्रयस्य परिणामवशाद् इन्द्रियाणां नानात्वं तेषां ग्राह्यविषयानामपि बहुत्वमपि सिद्धं भवति । सांख्यकारिकाग्रन्थस्य माठरवृत्तौ प्रसङ्गेऽस्मिन् उल्लिखितमस्ति—‘सत्त्वादयस्त्रयगुणास्ते यथा परिणमन्ति तस्माद्गुणपरिणामविशेषादिमान्येकादशेन्द्रियाणि नाना तदर्थानि भिन्नानि ।’<sup>१४</sup>

अतएव सांख्यनये अस्मिन् जगति कार्यभूतं यावतीयं व्यक्ततत्त्वं प्रकृतेर्विकार इति फलितम् । गुणत्रयस्य साम्यावस्था खलु प्रकृतिः । प्रकृतितः कार्यभूतानां व्यक्ततत्त्वानामुत्पत्तिदशायां तेषां गुणानां प्राधान्यानुसारं वस्तूनां भिन्नरूपेण प्रतीतिर्भवति । प्रकृतिः खलु कार्यभूतानां व्यक्ततत्त्वानां मूलकारणं गुणत्रयञ्च तेषां सहकारिकारणमिति शम् ।

### तथ्यसूत्राणि

१. श्वेताश्वेतर., चतुर्थाध्यायः, पञ्चमो मन्त्रः
२. श्रीमद्भग.,—१४/५
३. सां. तत्त्व., सम्पा. श्रीनारायणचन्द्रगोस्वामी, पृ. ३
४. सां. का.—१२
५. सां. का.—१३
६. सां. तत्त्व., सम्पा. श्रीनारायणचन्द्रगोस्वामी, पृ. १३५
७. तदेव, पृ. १३७
८. तदेव, पृ. १४१
९. श्रीमद्भग.,—१४/५
१०. सां. का.—१४

११. सां. तत्त्व., सम्पा. ओमप्रकाश-पाण्डेयः, पृ. ८६  
 १२. सां. का.—१६।  
 १३. सां. का.—२५  
 १४. मारठवृत्तिः (सां. का.), सम्पा. स्वामी-दिवाकरानन्दः, पृ. ८२

### संकेतसूची

- श्वेताश्वेतर. = श्वेताश्वेतरोपनिषद्  
 श्रीमद्भग. = श्रीमद्भगवद्गीता  
 सां.का. = सांख्यकारिका  
 सां. तत्त्व. = सांख्यतत्त्वकौमुदी

### ग्रन्थपञ्जी

- ईश्वरकृष्णः, सांख्यकारिका, सम्पा., स्वामी-दिवाकरानन्दः, २४ परगणा (दक्षिण): श्रीरामकृष्णसेवाश्रमः,  
 १९६८ (प्रथमं संस्करणम्), २००० (द्वितीयं संस्करणम्)।  
 कपिलः, सांख्यदर्शनम्, सम्पा., दुर्गाचरणसांख्यवेदान्ततीर्थः, कलकाता: सेन्ट्राल-बुक-एजेन्सी, १३६० वङ्गाब्दः,  
 षष्ठं संस्करणम्।  
 ईशादिदशोपनिषदः, सम्पा. श्रीगोविन्दशास्त्री, दिल्ली/मुम्बाइ/चेन्नाइ/कलकाता/वंगलोर/वाराणसी/पुना/पाटना:  
 मोतीलाल-वनारशिदासः, १९६४ (प्रथमं संस्करणम्), २००० (पुनर्मुद्रणम्)।  
 वाचस्पतिमिश्रः, सांख्यतत्त्वकौमुदी, सम्पा. श्री-नारायण-चन्द्र-गोस्वामी, कलकाता: संस्कृत-पुस्तक-भाण्डारः,  
 १४०६ वङ्गाब्दः (तृतीयं संस्करणम्)।  
 वाचस्पतिमिश्रः, सांख्यतत्त्वकौमुदी, सम्पा. ओमप्रकाश-पाण्डेयः, वाराणसी: चौखम्बा-कृष्णदास अकादेमी,  
 २०१६ (तृतीयं संस्करणम्)।  
 सांख्यदर्शनम्, सम्पा., अमित-भट्टाचार्यः, कलकाता: सदेशः, २००९ (प्रथमः प्रकाशः)।  
 ईश्वरकृष्णः, सांख्यकारिका, सम्पा. पूर्णचन्द्र-वेदान्तचुञ्चु-सांख्यभूषणसाहित्याचार्यः, कलकाता: पश्चिमवङ्ग-  
 राज्य-पुस्तक-परिषद्, १९०१ (प्रथमः प्रकाशः), २००७ (द्वितीयं संस्करणम्)।  
 श्रीमद्भगवद्गीता यथायथ, सम्पा. अभयचरणारविन्द-भक्तिवेदान्त-स्वामी-प्रभुपादः, श्रीमायापुरः, भक्तिवेदान्त-  
 बुक-ट्राष्टः, २००४ (प्रथमं संस्करणम्), २०१२ (अष्टमं संस्करणम्)।

## ব্যাকরণমতে নিপাতার্থ বিচার

সুদীপ্তা হালদার

শব্দকে নাম, আখ্যাত, উপসর্গ ও নিপাত—এই চারভাগে ভাগ করা হয়েছে। তদ্বিষয়ে মহাভাব্যকার পতঞ্জলি বলেছেন—‘চত্বারি পদজাতানি নামাখ্যাতোপসর্গনিপাতাশ্চ।’<sup>১</sup> শব্দের এই বিভাগ চতুষ্টয়ে উপসর্গ এবং নিপাতকে পৃথক পৃথকরূপে গ্রহণ করা হয়েছে। বৈয়াকরণগণ উপসর্গকে নিপাতের অন্তর্ভুক্ত করেছেন। মূলতঃ ক্রিয়া অথবা তিঙ্তপদের সঙ্গে সম্বন্ধ হওয়ার কারণে প্র, পরা প্রভৃতি নিপাতগুলিকে উপসর্গরূপে স্বীকার করা হয়েছে এবং ক্রিয়াপদের সঙ্গে সম্বন্ধ না হওয়ায় ‘নিপাত’ রূপে স্বীকার করা হয়েছে। এই বিষয়ে পাণিনি সূত্র করেছেন—‘চাদয়োহসত্ত্বে’<sup>২</sup> এবং ‘প্রাদয় উপসর্গাঃ ক্রিয়াযোগে।’<sup>৩</sup> তদ পরবর্তী বৈয়াকরণ ভর্তৃহরি নিপাতবিষয়ে বলেছেন—

নিপাতা দ্যোতকাঃ কেচিৎ পৃথগর্থ্যভিধায়িনঃ।

আগমা ইব কেহপি স্যুঃ সম্ভূয়ার্থস্য বাচকাঃ।।<sup>৪</sup>

অর্থাৎ কিছু নিপাত হল দ্যোতক, কিছু নিপাত বাচক এবং কিছু সম্ভূয়ার্থ্যভিধায়ক বা অন্যের সঙ্গে মিশে থাকে। ত্রিবিধ বৈশিষ্ট্য সম্পন্ন নিপাতার্থ নিম্নে আলোচিত হল।

দ্যোতকরূপ নিপাত—বৈয়াকরণ মতে, নিপাতের দ্যোতকত্ব বিদ্যমান। ‘অনুভূয়তে সুখম্’ এবং ‘সান্ধাৎক্রিয়তে গুরুঃ’ ইত্যাদিতে যে ‘অনুভব’ এবং ‘সান্ধাৎ’ এর অর্থের প্রতীতি হচ্ছে। কিন্তু লক্ষণীয় বিষয় যে, এই দুটি ধাতু নয়, উপসর্গও নয়। কিন্তু এর প্রতীতি উপসর্গবিশিষ্ট ধাতু দ্বারা হয়ে থাকে। এখানে অনুভব ও সান্ধাৎকাররূপ ফল ধাত্বর্থ হওয়ার সাক্ষরকত্ব হয়। কিন্তু এই যে ‘অনুভব’ প্রভৃতি অর্থ তা সরাসরি ধাত্বর্থ নয়। কিন্তু ‘ভবতি’ থেকে এই অনুভবার্থের প্রতীতি হয়। যদি বলা হয়, এই অর্থ ধাত্বর্থ না হয়েও ‘উপসর্গার্থ’ হবে, তাহলেও এই যুক্তি দোষযুক্ত হবে। যেহেতু, উপসর্গের ব্যুৎপত্তি হল—‘প্রকৃত্যর্থ্যমিতস্বার্থবোধকত্বমুপসর্গত্বম্।’ সুতরাং, উপসর্গের আখ্যাতার্থে অম্বয় সম্ভব নয়। উপসর্গ হল, অর্থের দ্যোতক। প্রদীপ যেরূপ অন্ধকার কক্ষকে আলোকিত করে, সেরূপ উপসর্গও ধাতুর একটি বিশেষ অর্থকে প্রকাশ করে। অর্থ ধাতুতেই থাকে এবং উপসর্গ হল সেই অর্থেরই প্রকাশক। এক একটি ধাতুর ভিন্ন ভিন্ন অর্থ বিদ্যমান। সেই ভিন্ন ভিন্ন অর্থকে পৃথকরূপে প্রকাশ করাই হল উপসর্গের কাজ। এখানে ‘অনুভূয়তে সুখম্’, ‘সান্ধাৎক্রিয়তে গুরুঃ’—এখানে নিপাত হল দ্যোতক। এখানেও ‘অনুভব’ প্রভৃতি অর্থ হল ধাতুগর্ভিত, যেমন-অন্ধকার কক্ষে প্রদীপের আলোয় বস্তু প্রকাশমান হয়, সেরূপ ঐ ধাত্বর্থও ‘অনু’ প্রভৃতি উপসর্গের সমভিব্যাহারের দ্বারা দ্যোতিত হয়। এইজন্য উপসর্গকে দ্যোতক স্বীকার করা হয় এবং ধাতুসমূহকে সেই সেই অর্থের বাচক স্বীকার করে, তাকে কর্মের লকাররূপে প্রতিপাদিত করা হয়। তাই ভর্তৃহরি ‘বাক্যপদীয়’ গ্রন্থে বলেছেন—

ক্চিৎ সম্ভবিনো ভেদাঃ কেবলৈরভিदर्शिताঃ।

উপসর্গেণ সম্বন্ধে ব্যজ্যন্তে প্র পরাদিনা।।<sup>৫</sup>

নীয়তে প্রাপ্যতে অনেন ইতি ন্যায়ঃ। যে প্রণালীর দ্বারা কোনো নিশ্চিত সিদ্ধান্তে উপনীত হওয়া যায় তাকে ন্যায় বলে। আস্তিক দর্শনগুলির মধ্যে ন্যায়দর্শন অন্যতম। আস্তিকরা বেদের প্রামাণ্যে বিশ্বাসী, কিন্তু নাস্তিকরা বেদের প্রামাণ্য স্বীকার করেন না। শাস্ত্রকার মনু বলেছেন, নাস্তিকরা বেদকে নিন্দা করেন।<sup>১</sup> ন্যায়সম্পর্কে যে শাস্ত্র আলোচনা করে তাকে ন্যায়শাস্ত্র বলে। প্রমাণ সম্বন্ধে বিশদ আলোচনা করে বলে ন্যায়শাস্ত্রকে প্রমাণশাস্ত্রও বলে। কোন বিধি অনুসরণ করে যুক্তিতর্ক করলে তা যথার্থ হবে, ন্যায়শাস্ত্র এমন আলোচনা করে বলে তাকে তর্কশাস্ত্র বলে। এছাড়াও ন্যায়শাস্ত্রকে আদ্বৈতবিকী বিদ্যাও বলা হয়। সেই আদ্বৈতবিকী অর্থাৎ ন্যায়শাস্ত্র সকল বিদ্যার প্রদীপস্বরূপ, সকল কর্মের উপায়স্বরূপ ও সকল ধর্মের আশ্রয়স্বরূপ। তাই ভাষ্যকার বলেছেন—

প্রদীপঃ সর্ববিদ্যানামুপায়ঃ সর্বকর্মাণাম্।

আশ্রয়ঃ সর্বধর্মাণাং বিদ্যোদ্দেশে প্রকীর্তিতা।।<sup>২</sup>

মহর্ষি গৌতম ন্যায়দর্শনের প্রণেতা। ন্যায়শাস্ত্রের মূল লক্ষ্য হল জ্ঞানতাত্ত্বিক ও তত্ত্বসংক্রান্ত আলোচনার মাধ্যমে পুরুষার্থলাভের পথ নির্দেশ করা। জীব ও জগতের স্বরূপ আলোচনা করে পুরুষার্থলাভের সঠিক পথের সন্ধান দেওয়াই এই শাস্ত্রের উদ্দেশ্য। পুরুষার্থ চার প্রকার—ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ। ন্যায়মতে চতুর্ভূগপুরুষার্থের মধ্যে মোক্ষ বা অপবর্গ হল পরমপুরুষার্থ। তাই অপবর্গলাভের জন্য তত্ত্বজ্ঞানের প্রয়োজন, আবার তত্ত্বজ্ঞানলাভের জন্য বিশুদ্ধজ্ঞানের প্রণালীও জানা প্রয়োজন। তাই কোন উপায় অবলম্বন করলে অপবর্গলাভ করা যাবে তার সঠিক পথের অনুসন্ধান দেওয়াই ন্যায়শাস্ত্রের মুখ্য উদ্দেশ্য।

মহর্ষি গৌতম ১৬টি পদার্থ স্বীকার করেছেন। এই ১৬টি পদার্থের তত্ত্বজ্ঞান হলে নিঃশ্রেয়স লাভ হয়।<sup>৩</sup> ভাষ্যকারের মতে মুখ্য ও গৌণ সমস্ত নিঃশ্রেয়সই ন্যায়বিদ্যার প্রয়োজন। সেই নিঃশ্রেয়স কি তত্ত্বজ্ঞানলাভের পর হয়? মহর্ষি বলেছেন—দুঃখ, জন্ম, প্রবৃত্তি, দোষ এবং মিথ্যা জ্ঞানের উত্তরোত্তর অপায়ে অপবর্গ হয়।<sup>৪</sup> অর্থাৎ মিথ্যা জ্ঞানাপায়ে দোষাপায়, দোষাপায়ে প্রবৃত্ত্যপায়, প্রবৃত্ত্যপায়ে জন্মাপায়, জন্মাপায়ে দুঃখাপায় হলে অপবর্গ হয়। পরা মুক্তি অপবর্গ ন্যায়শাস্ত্রের মুখ্য প্রয়োজন, তা মহর্ষি প্রথম সূত্রে নিঃশ্রেয়স শব্দের দ্বারা বুঝিয়েছেন। এবং দ্বিতীয় সূত্রে সেটাই

১। যোহবমন্যেত তে মূলে হেতুশাস্ত্রাশ্রয়াদ্ দ্বিজঃ।

স সাধুভিবহিদ্ধার্যো নাস্তিকো বেদনিন্দকঃ।।—মনুসংহিতা (২/১১)

২। ন্যায়ভাষ্য, পৃষ্ঠাঙ্ক—৬০।

৩। প্রমাণ-প্রমেয়-সংশয়-প্রয়োজন-দৃষ্টান্ত-সিদ্ধান্তাবয়ব-তর্ক-নির্ণয়-বাদ-জল্প-বিতণ্ডা-

হেত্বাভাসচ্ছল-জাতি-নিগ্রহস্থানানাং তত্ত্বজ্ঞানানিঃশ্রেয়সাধিগমঃ।।—ন্যায়সূত্র (১/১/১)

৪। দুঃখজন্মপ্রবৃত্তিদোষমিথ্যা জ্ঞানানামুত্তরোত্তরাপায়ে তদন্তরাপায়াপবর্গঃ।। — ন্যায়সূত্র (১/১/২)

অপবর্গ শব্দের দ্বারা ব্যক্ত করেছেন। প্রমেয় নামক পদার্থের ১২ প্রকার ভাগের মধ্যে অন্তিম ভাগ হল অপবর্গ।<sup>৫</sup> শাস্ত্রের প্রবৃত্তি তিন প্রকার—উদ্দেশ, লক্ষণ ও পরীক্ষা।<sup>৬</sup> অপবর্গের উদ্দেশ করা হল। এখন লক্ষণ বলা হচ্ছে। মহর্ষি গৌতম অপবর্গের লক্ষণে বলেছেন—

“তদত্যন্তবিমোক্ষাপবর্গঃ।”<sup>৭</sup>

এই সূত্রের ভাষ্যে ভাষ্যকার বাৎস্যায়ন বলেছেন—“এতামবস্থামপর্যন্তামপবর্গং বেদয়ন্তে অপবর্গবিদঃ।”<sup>৮</sup> ভাষ্যকারের এরূপ বলার অভিপ্রায় এই যে, সূত্রকার অপবর্গ লক্ষণের পূর্বে দুঃখের লক্ষণ করেছেন। দুঃখের স্বরূপ না বুঝলে অপবর্গের স্বরূপ বোঝা যাবে না। ‘তদত্যন্তবিমোক্ষঃ’ কথার অর্থ হল—‘তেন অত্যন্তবিমোক্ষঃ তদত্যন্তবিমোক্ষঃ’। সূত্রস্থ ‘তদ্’ শব্দের দ্বারা দুঃখকে বোঝানো হয়েছে।<sup>৯</sup> সুতরাং দুঃখের অত্যন্তনিবৃত্তিই হল অপবর্গ। বার্তিককার উদয়ন ২১ প্রকার দুঃখের কথা বলেছেন। যথা—শরীর, ছয় ইন্দ্রিয়, ছয় বিষয়, ছয় বিষয়ের ছয় বুদ্ধি, সুখ ও দুঃখ। এই ২১টি দুঃখের অত্যন্তনিবৃত্তিই অপবর্গ। ভাষ্যকার বলেছেন—‘তেন দুঃখেন জন্মনাত্যন্তং বিমুক্তিরপবর্গঃ।’<sup>১০</sup> এরপর ভাষ্যকার অপবর্গকে অভয়, অজর, অমৃত্যুপদ, ব্রহ্ম, ক্ষেমপ্রাপ্তি বলেছেন।<sup>১১</sup> এখানে লক্ষণীয় যে, ভাষ্যকারের এই বাক্য বৃহদারণ্যক উপনিষদের মন্ত্রের অনুরূপ—

“স বা এষ মহানজ আত্মাহমরোহজরোহমৃতোহভয়ো

ব্রহ্মাভয়ং বৈ ব্রহ্মাভয়ং হি বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদ”।<sup>১২</sup>

এখান থেকে বোঝা যায় যে, ভাষ্যকার বৃহদারণ্যকের এই শ্রুতি থেকে মোক্ষবিষয়ে ধারণা লাভ করেছেন। বৃহদারণ্যক উপনিষদের ভাষ্যে শংকরাচার্য বলেছেন, সমস্ত বৃহদারণ্যকে যা বলা হয়েছে তা এই কণ্ডিকাতে নির্দেশিত হয়েছে, এটাই সমস্ত বৃহদারণ্যকের প্রতিপাদ্য বিষয়। সেই আত্মা মহান, অজ অর্থাৎ জন্মরহিত, অজর অর্থাৎ যিনি জীর্ণ হন না এবং বিপরিণাম প্রাপ্ত হন না।<sup>১৩</sup> এখানে আত্মা অপরিণামী।

ব্রহ্মের জগদ্রূপে পরিণাম হলে বা মোক্ষদশায় জীবের অজর হতে আপত্তি কোথায়? কারণ ন্যায়মতে জীব ও ব্রহ্ম অত্যন্ত ভিন্ন বস্তু। ব্রহ্মের পরিণতি হলেও ব্রহ্ম ভিন্ন জীবের তাতে কি হানি হবে? জীবব্রহ্মের ঐক্য স্বীকার করলে ব্রহ্মের পরিণতিতে জীবেরও পরিণতির আপত্তি হবে। মোক্ষাবস্থায় জীব যে ব্রহ্ম এটাই ভাষ্যকারের অভিপ্রায়। যা হলে দেহাদি ফলের ত্যাগ ও পুনর্গ্রহণের সমাপ্তি হয় তাই অপবর্গ। প্রলয়কালেও জীবের দেহাদি পরিগ্রহ হয় না সুতরাং কোনো দুঃখভোগও হয় না। কিন্তু সেই অবস্থা মুক্তি নয়। প্রলয়কালে জীবের দুঃখাবসান হলেও তা সর্বতোভাবে অবসান নয়। কারণ, পরে পুনরায় সৃষ্টিতে আবার সেই সমস্ত জীবের দেহাদি পরিগ্রহ ও নানা দুঃখভোগ হয়। কিন্তু

৫। আত্ম-শরীরেन्द्रিয়ার্থ-বুদ্ধি-মনঃ-প্রবৃত্তি-দোষ-প্রেত্যভাব-ফল-দুঃখাপবর্গস্ত প্রমেয়ম্।।— ন্যায়সূত্র (১/১/৯)

৬। ত্রিবিধা চাস্য শাস্ত্রস্য প্রবৃত্তিরুদ্ধেশো লক্ষণং পরীক্ষা চেতি। ন্যায়ভাষ্য, পৃষ্ঠাঙ্ক-৮১

৭। ন্যায়সূত্র (১/১/২২)

৮। ন্যায়ভাষ্য, পৃষ্ঠাঙ্ক-২৩৩

৯। বাধনালক্ষণং দুঃখম্।—ন্যায়সূত্র (১/১/২১)

১০। ন্যায়ভাষ্য, পৃষ্ঠাঙ্ক—২০৩

১১। তদভয়মজরমমৃত্যুপদং ব্রহ্মক্ষেমপ্রাপ্তিরিতি। ন্যায়ভাষ্য, পৃষ্ঠাঙ্ক-২৩৩

১২। বৃহদারণ্যক উপনিষদ্ (৪/৪/২৫)

১৩। ইদানীং সমস্তস্যৈবারণ্যকস্য যোহর্থঃ উক্তঃ, স সমুচিত্যাস্যাং কণ্ডিকার্যাং নির্দেশ্যে, সমস্তারণ্যকার্থ ইতি। স বা এষ মহানজ আত্মা অজরঃ ন জীর্য়তে ইতি, ন বিপরিণমত ইত্যর্থঃ—বৃহদারণ্যক উপনিষদ্ শাস্ত্রভাষ্য (৪/৪/২৫)

অপবর্গ হলে আর তার জন্ম হয় না। আর কখনও কোন দুঃখভোগ করতে হয় না। মোক্ষাবস্থার কোনো সীমা নেই। মোক্ষপ্রাপ্তি হলে আর পুনরাবৃত্তি হয় না।<sup>১৪</sup>

মোক্ষদশাতে জীবের নিত্যসুখের অভিব্যক্তি হয় কিনা এর ব্যাখ্যা ভাষ্যকার প্রদর্শন করেছেন। সর্বব্যাপী জীবাত্মাতে যে নিত্যসুখবিদ্যমান আছে, সংসারকালে তার অনুভূতি হয় না, কিন্তু মুক্তিকালে তার অভিব্যক্তি হয়। সুতরাং মুক্ত আত্মা সেই অভিব্যক্ত নিত্যসুখে অত্যন্ত সুখী হন। অর্থাৎ তখন থেকে তিনি চিরকাল সেই নিত্যসুখের উপভোগ করেন—এটা কোন কোন সম্প্রদায়ের মত। তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্র বলেছেন—‘বিজ্ঞানামানন্দং ব্রহ্ম’ এই শ্রুতিতে ব্রহ্মকে যে সুখস্বরূপ বলা হয়েছে সেই সুখ নিত্য। তার ব্যাখ্যাতে বেদান্তমতে আত্মা মহান্ হলেও মহৎ পরিমাণ নয় এবং নিত্যসুখও তার ধর্ম নয়, কিন্তু নিত্যসুখস্বরূপ। কুমারিল ভট্টের মতে মোক্ষ সুখভোগস্বরূপ হলে তা স্বর্গের ন্যায় ক্রমশ কোনো কালে বিনষ্ট হবেই।<sup>১৫</sup> সুতরাং মোক্ষ অভাবাত্মক অর্থাৎ সমস্ত দুঃখের আত্যন্তিক অভাবই মোক্ষ বা অপবর্গ। ভাষ্যকারের পূর্বে কোনো নৈয়ায়িকসম্প্রদায় মনে করতেন, মহর্ষি কণাদের মতে আত্যন্তিক দুঃখনিবৃত্তিই মুক্তি, কিন্তু গৌতমের মতে মুক্তিকালে নিত্যসুখের অনুভূতিও থাকে। তাই গৌতমের মতানুসারে নিত্যসুখের অনুভববিশিষ্ট আত্যন্তিক দুঃখনিবৃত্তিই মুক্তি।

এখন প্রশ্ন হয় মুক্ত আত্মার সেই নিত্যসুখানুভবের উৎপাদক কারণ কি? যদি বলা হয় সেই সুখের ন্যায় তার অনুভবও নিত্য অর্থাৎ তার কোনো কারণ নেই, তা হলে সংসারী সমস্ত আত্মাও সর্বদা সেই নিত্যসুখের অনুভববিশিষ্ট এটা স্বীকার করতে হয়। কিন্তু তা স্বীকার করলে চতুর্দশভুবনে যে সমস্ত আত্মা যথাক্রমে ধর্ম ও অধর্মের ফল সুখ ও দুঃখের অনুভব করছে তাদের সেই অনুভব এবং নিত্য সুখের অনুভব এক হোক। অর্থাৎ একই সময়ে তারা সাংসারিক সুখভোগ অথবা দুঃখভোগ এবং সেই নিত্যসুখ ভোগ করছে। কারণ, নিত্যত্ববশত তাদের সেই সুখও আছে এবং পরে অনুভবও হয়। কিন্তু সংসারী আত্মা কখনই নিত্যসুখের অনুভব করে না। দুঃখের অনুভবকালে সুখের অনুভবও হয় না। সুতরাং সেই নিত্য সুখের অনুভবকে অনিত্যই বলতে হবে। তা হলে তার উৎপাদক কারণ বলতে হবে। আত্মমনঃসংযোগকে তার কারণ বললে তার সহকারী কোনও কারণ বলতে হবে। কারণ, সহকারিকারণসহিত আত্মমনঃসংযোগই সুখানুভবের কারণ হয়ে থাকে। ধর্মকে তার সহকারী কারণ বললে সেই ধর্মের উৎপাদক কারণ বক্তব্য। যদি বলা হয় মুমুক্শুর যোগসমাধিজাত ধর্ম তার সহকারী কারণ কিন্তু তা বললে সেই নিত্যসুখানুভব চিরস্থায়ী হতে পারে না। কার্যের সমাপ্তির সঙ্গে ধর্মের বিরোধবশতঃ ফলসমাপ্তি হলেই ধর্মের ক্ষয় হয়ে থাকে। সুতরাং স্বর্গাদিজনক ধর্মের ক্ষয়ে যেমন স্বর্গাদি ফলের নিবৃত্তি হয় সেরূপ যোগসমাধিজাত ধর্মের সম্পূর্ণ ক্ষয় হয়ে গেলে সেই নিত্য সুখানুভবেরও অত্যন্ত নিবৃত্তি হবেই। সেই নিত্যসুখের কোন সময়ে অনুভব না হলেও তা সেই আত্মাতে বিদ্যমান থাকে, এমনও বলা যায় না। তখন বিদ্যমান নিত্যসুখ অথবা অবিদ্যমান নিত্যসুখ অনুভূত হয় না। অতএব অননুভূত সুখের অস্তিত্বে কোন প্রমাণ নেই।

যোগসমাধিজাত ধর্মের কখনও ক্ষয় হয় না। কারণ ঐ ধর্মের উৎপত্তি হয়। যার মতে সেই নিত্যসুখানুভবের কখনও নিবৃত্তি হয় না, তিনি সেই নিত্যসুখানুভবের কারণকে নিত্যপদার্থ বলে অনুমান করবেন। কিন্তু সেই কারণ নিত্য হলে সংসারী আত্মাতেও সতত তার কার্য নিত্যসুখানুভব জন্মে তা স্বীকার করতে হবে। তাহলে মুক্ত আত্মাও

১৪। ন চ পুনরাবর্ততে।—ছান্দোগ্যোপনিষদ, অষ্টম অধ্যায়

১৫। সুখোপভোগবশত যদি মোক্ষঃ প্রকল্প্যতে।

স্বর্গ এব ভবেদেষ পর্যায়েণ ক্ষয়ী চ সঃ ॥ - শ্লোকবার্তিক

সংসারী আত্মার অবিশেষ হয়। কারণ থাকলেও প্রতিবন্ধকতাবশত তার কার্য্য হয় না এমনটাও বলা যায় না। সংসারী আত্মার শরীরাদিসম্বন্ধই নিত্যসুখানুভবের প্রতিবন্ধক এমনও বলা যায় না। কারণ শরীরাদি উপভোগার্থ, সুতরাং যে সমস্ত পদার্থ সুখসাধন তাই সুখভোগের প্রতিবন্ধক হবে, তা উপপন্ন হয় না। আর শরীরাদি শূন্য কেবল আত্মার যে কোন ভোগ আছে এ বিষয়েও অনুমান বা যুক্তি নেই। মুমুক্শুগণের মোক্ষসাধনে যে প্রবৃত্তি হয় এবং শাস্ত্রে মোক্ষ বিষয়ে যে সমস্ত উপদেশ আছে তা ইষ্টলাভের জন্য। সুখই ইষ্টপদার্থ। সুতরাং নিত্যসুখের অনুভবই যে, সেই প্রবৃত্তি ও উপদেশের প্রয়োজন এটা অনুমানসিদ্ধ, তা বলা যায় না। কারণ, কেবল দুঃখনিবৃত্তির উদ্দেশ্যেও অনেক প্রবৃত্তি এবং অনেক উপদেশ হওয়ায় প্রবৃত্তিমাত্র এবং উপদেশমাত্রই যে সুখলাভার্থ একরূপ নিয়ম নেই। আত্যন্তিক দুঃখনিবৃত্তির উদ্দেশ্যেই মুমুক্শুগণের মোক্ষসাধনে প্রবৃত্তি হয়ে থাকে। কারণ একেবারে দুঃখহীন সুখ সম্ভব নয়, এটা জেনে প্রকৃতমুমুক্শু সমস্ত সুখকেও দুঃখ বলে বোঝেন। সুতরাং তিনি সমস্ত দুঃখের আত্যন্তিক নিবৃত্তির উদ্দেশ্যেই প্রবর্তমান হয়ে সমস্ত সুখকেও পরিত্যাগ করেন। তিনি দৃষ্ট অর্থাৎ লৌকিক অনিত্য সুখ পরিত্যাগ করে নিত্যসুখভোগেরই কামনা করেন, তাহলে দৃষ্ট অনিত্য দেহাদি পরিত্যাগ করে মুক্তিকালে তার নিত্যদেহাদিও কল্পনীয়। দেহাদিশূন্য আত্মার নিত্যসুখভোগরূপ মোক্ষ হতে দেহাদিবিশিষ্ট আত্মার নিত্যসুখভোগরূপ কল্পিত মোক্ষই গ্রহণীয়। সুতরাং মুক্ত পুরুষের নিত্যদেহাদিও কল্পনীয়। দেহাদির নিত্যত্ব প্রমাণবিরুদ্ধ বলে তা কল্পনা করা যায় না, এর উত্তরে ভাষ্যকার বলেছেন, সুখের নিত্যত্ব প্রমাণবিরুদ্ধ বলে তাও কল্পনা করা যায় না। এখানে পূর্বপক্ষীর বক্তব্য মুক্ত পুরুষের নিত্যসুখভোগবিষয়ে আগমপ্রমাণ থাকায় তা নিষ্প্রমাণ বলা যায় না।<sup>১৬</sup> মুক্তাবস্থায় আত্মার স্থূলদেহ, এমনকি সূক্ষ্মদেহও থাকে না। দেহের সঙ্গে সংযোগ থাকলে আত্মার আত্যন্তিক দুঃখমুক্তি বা চিরকালের জন্য দুঃখমুক্তি সম্ভব হয় না। এজন্য মুক্তাবস্থায় আত্মার দেহসংযোগ বিচ্ছিন্ন হয়, এমনকি অন্তরিন্দ্রিয় মনের সঙ্গেও সংযোগ বিচ্ছিন্ন হয়। দেহ থাকলেই ইন্দ্রিয়সমূহ বিষয়াভিমুখী হয় এবং পরিণামে দুঃখকষ্ট ভোগ করে। দেহের বন্ধন থেকে মুক্ত হলে আত্মার দুঃখমুক্তি হয়। দেহধারণ বা জন্মগ্রহণই হল দুঃখের মূল। ভাষ্যকার বলেছেন যদিও মুক্ত আত্মার আত্যন্তিক সুখবোধক কোনো আগম বা শাস্ত্রবাক্য থাকে তাহলেও বিরোধ নেই। কারণ, সেই শাস্ত্রবাক্য মুক্ত পুরুষের আত্যন্তিক দুঃখনিবৃত্তিকেই আত্যন্তিকসুখ বলা হয়েছে। অর্থাৎ দুঃখাভাব অর্থেই সুখ শব্দের প্রয়োগ হয়েছে। লোকেও দুঃখাভাব অর্থে সুখ শব্দের লাক্ষণিক প্রয়োগ দৃষ্ট হয়। যেমন সাময়িক জ্বর থেকে সুস্থ হওয়ার পর রোগী বলে—আমি সুখী হলাম।

মুমুক্শু পুরুষ সুখরাগবশতঃ মোক্ষে প্রবৃত্ত হলে তার যেমন মোক্ষ হবে না, তেমনি দুঃখের আত্যন্তিকনিবৃত্তিকামী মুমুক্শু পুরুষ দুঃখে দ্বেষবশতঃ মোক্ষে প্রবৃত্ত হলে তারও মোক্ষ হবে না। কারণ রাগ ও দ্বেষ উভয়ই বন্ধন, সংসার। মোক্ষে মুমুক্শুর প্রবৃত্তি সুখরাগবশতঃ না হলেও দুঃখদ্বেষবশতঃ হয় এটা ভাষ্যকার স্বীকার করেছেন। কিন্তু দ্বেষবান্ পুরুষের মোক্ষলাভ হতে পারে না। রাগের ন্যায় দ্বেষও বন্ধন। ভাষ্যকারের মতে, মুমুক্শুর দুঃখদ্বেষবশতঃ মোক্ষে প্রবৃত্তি হয় না। দ্বেষ, ক্রোধ ও মন্যু এরা সমানার্থক। মুমুক্শুর ক্রোধাদি থাকতে পারে না, মুমুক্শু বৈরাগ্যসম্পন্ন। মুমুক্শুপুরুষের তীব্রবৈরাগ্য প্রযুক্ত যেমন দুঃখে দ্বেষ থাকে না, সেইরূপ নিত্যসুখে রাগও থাকে না। সুতরাং মোক্ষে নিত্যসুখ থাকলেও মুমুক্শু পুরুষের নিত্যসুখে রাগের প্রসক্তি হবে না। ভাষ্যকার বলেছেন, মুমুক্শু পুরুষের দুঃখে

১৬। কুতো মুক্তস্য সুখোপভোগ ইতি চেৎ? আগমাৎ, উক্তং হি সুখমাত্যন্তিকং যন্তুদ্বিক্রিগ্রাহ্যমতীন্দ্রিয়ম্। তঞ্চ মোক্ষং বিজানীয়াৎ দুঃখাপ্যমকৃতাত্মাভিঃ।। তথা আনন্দং ব্রহ্মণো রূপং তচ্চ মোক্ষেহভিব্যজ্যতে। বিজ্ঞানমানন্দং ব্রহ্মোতি।—ন্যায়সার, আগমপরিচ্ছেদ।

যেমন দ্বেষ থাকে না, সেরূপ নিত্যসুখেও রাগ থাকে না।<sup>১৭</sup> অতএব মুক্তপুরুষের নিত্যসুখের অভিব্যক্তি থাকুক বা না থাকুক উভয়পক্ষেই মুমুকুর মুক্তিলাভে সন্দেহ থাকে না। তাৎপর্যটীকাকার বাচস্পতি মিশ্র বলেছেন যে, মুমুকু নিত্যসুখের কামনায় মোক্ষসাধনে প্রবৃত্ত হলে কামনাপিশাচী কখনও উপস্থিত বিষয়সুখেও তাকে প্রবৃত্ত করে তার অভীষ্ট মোক্ষকে সুদূরপর্যন্ত করবে। অতএব মুমুকু কখনই কোনো কামনাকে কিছুমাত্র স্থান দেবেন না। এইরূপ রাগের ন্যায় দ্বেষও বন্ধন। সুতরাং সমস্তবিষয়ে দ্বেষও তিনি পরিহার করবেন। সুখের কামনা পরিত্যাগ করলে সুখকে দ্বেষ করা হয় না। দুঃখ পরিহারে ইচ্ছা করলেও দুঃখে দ্বেষ করা হয় না, বৈরাগ্যবশতঃ জন্মাদি সমস্ত দুঃখ পরিহারে ইচ্ছা জন্মে। বৈরাগ ও দ্বেষ এক পদার্থ নয়। মুমুকুর নিত্যসুখভোগের কামনা থাকলে বন্ধন থাকায় তা মুক্তি হতে পারে না।<sup>১৮</sup> মুমুকুর প্রথমে নিত্যসুখে রাগ জন্মালেও পরে উৎকট বৈরাগ্যবশতঃ সেই রাগও পরিত্যক্ত হয়। তার সেই নিত্যসুখরাগ পরে স্বয়ং তাকে পরিত্যাগ করে। সুতরাং তখন তার কোন বন্ধনই না থাকায় মোক্ষলাভের প্রতিকূল কিছুই থাকে না। বাচস্পতি মিশ্র বলেছেন উৎকট বৈরাগ্যবশতঃ মুমুকু সমস্তবিষয়ে বীতরাগ হলে অর্থাৎ তার সেই নিত্যসুখভোগেও কিছুমাত্র রাগ না থাকলে শেষাবস্থায় তার সেই নিত্যসুখভোগ হোক বা না হোক, মোক্ষলাভবিষয়ে কোনো সন্দেহ হতে পারে না। কারণ চরম তত্ত্বজ্ঞানের ফলে তার জন্মপ্রবাহের অত্যন্ত উচ্ছেদবশতঃ সমস্তদুঃখের আত্যন্তিক নিবৃত্তি হওয়ায় তাকে তখন মুক্ত বলে স্বীকার হবে। সর্ববিধদুঃখের আত্যন্তিক নিবৃত্তি না হলে অপবর্গ অর্থাৎ চরম মুক্তি লাভ হয় না। শ্রীমদ্ভগবদ্গীতাতেও বলা হয়েছে—

“গুণানেতানতীত্য ত্রীন্ দেহী দেহসমুত্তবান্।

জন্ম-মৃত্যু-জরা-দুঃখৈর্বিমুক্তোহমৃতমশ্নুতে”।।<sup>১৯</sup>

অর্থাৎ দেহ উৎপত্তির কারণস্বরূপ তিনগুণ (সত্ত্ব, রজঃ ও তমঃ) অতিক্রম করে জীব জন্ম, মৃত্যু, জরা ইত্যাদি সমস্ত দুঃখ হতে মুক্ত হয়ে পরমানন্দ লাভ করেন। শৈবাচার্য্য ভাসর্বজ্ঞ ন্যায়সার এ শেষভাগে বলেছেন যে, মুক্ত পুরুষের নিত্যসুখভোগের প্রতিপাদক শাস্ত্রবাক্যে সুখবাচক শব্দের মুখ্য অর্থে কোনো বাধক নেই। সেই নিত্যসুখের ভোগ বা অনুভবও নিত্য পদার্থ। কিন্তু তাহলেও সংসারী আত্মা ও মুক্ত আত্মার অবিশেষের আপত্তি হয় না। কারণ সংসারকালে আত্মগত সেই নিত্যসুখ ও তার নিত্য অনুভবের বিষয়বিষয়ীভাবসম্বন্ধ ঘটে না। যেমন—চক্ষুরিন্দ্রিয় এবং তার গ্রাহ্য বিষয় সমীপে থাকলেও মাঝে যদি কোনো ব্যবধান থাকে তখন সেই বিষয়ের সঙ্গে চক্ষুরিন্দ্রিয়ের সংযোগ সম্বন্ধ ঘটে না। কিন্তু সেই ব্যবধান দূরীভূত হলে তখন সেই দৃশ্য বিষয়ের সঙ্গে তার সংযোগসম্বন্ধ ঘটে, সেরূপ আত্মাতে সেই নিত্যসুখ ও তার নিত্য অনুভব থাকলেও সংসারাবস্থায় পাপাদি প্রতিবন্ধকতাবশতঃ ঐ উভয়ের বিষয়বিষয়ীভাব সম্বন্ধ জন্মে না, কিন্তু মুক্তিকালে কোনো প্রতিবন্ধক না থাকায় তখন সেই সুখ ও তার অনুভবের বিষয়বিষয়ীভাব সম্বন্ধে জন্মে। অর্থাৎ তখনই সেই সুখ তার নিত্য অনুভবের বিষয় হয়। মুক্তিকালে সেই নিত্যসুখ ও তার নিত্য অনুভবের যে বিষয়বিষয়ীভাব সম্বন্ধ তা জন্য পদার্থ হলেও তার বিনাশের কোনো কারণ না থাকায় কখনও বিনাশ হতে পারে না। উৎপন্ন পদার্থমাত্রই যে বিনাশী এরূপ নিয়ম নেই। যে কোনো পদার্থের ধ্বংস উৎপন্ন পদার্থ হলেও কখনও সেই ধ্বংসের ধ্বংস হয় না। সুতরাং ধ্বংসের ন্যায় নিত্যসুখ ও তার নিত্য অনুভবের সেই সম্বন্ধ উৎপন্ন পদার্থ হলেও অবিনাশী বলা যায়, কারণ তার বিনাশের কোনো কারণ নেই। এবিষয়ে ভাসর্বজ্ঞ

১৭। যদ্যেবং মুক্তস্য নিত্যং সুখং ভবতি অথবা ন ভবতি, নাস্য উভয়োঃ পক্ষয়োর্মোক্ষাধিগমো বিকল্প্যতে।—ন্যায়ভাষ্য, পৃষ্ঠাঙ্ক-২৪২

১৮। তস্মান্নিত্যানন্দপ্রতিপাদকশ্রুতিরাত্যন্তিকে দুঃখবিয়োগে ভাস্কীতি যুক্তমিতি ভাষঃ।—ন্যায়বার্ত্তিকতাৎপর্যটীকা

১৯। শ্রীমদ্ভগবদ্গীতা (১৪/২০)

বলেছেন উক্ত নিত্যসুখ নিত্যসংবেদ্য এই নিত্যসুখবিশিষ্ট আত্যন্তিক দুঃখনিবৃত্তিই পুরুষের অর্থাৎ জীবাত্মার মোক্ষ। মুক্তাবস্থা এক নির্বিকার অচেতন অবস্থা। দেহের সঙ্গে সংযোগ বিচ্ছিন্ন হলে মুক্ত আত্মার যেমন দুঃখবোধ থাকে না, তেমনি সুখানুভূতিও থাকে না, এমনকি কোনোরূপ চেতনাই থাকে না। মুক্তাবস্থা এক নেতিমূলক অস্তিত্বশীল অবস্থা। পরবর্তীকালে অবশ্য কোনো নব্যনৈয়ায়িক মুক্তাবস্থাকে দুঃখমুক্ত অবস্থা বললেও আনন্দময় অবস্থা বলেছেন। এই অবস্থায় আত্মা নির্গুণ ও নিষ্ক্রিয়রূপে, সনাতন ও শুদ্ধ আত্মারূপে অবস্থান করে। মোক্ষ বা মুক্তিকে পরমপুরুষার্থরূপে গণ্য করতে হলে দুঃখের নিবৃত্তি আবশ্যিক এবং দুঃখের নিবৃত্তি হলে সুখেরও নিবৃত্তি ঘটে। সুখ-দুঃখ পরস্পর সাপেক্ষ অনুভূতি। সুখের প্রেক্ষিতে দুঃখবোধ এবং দুঃখের প্রেক্ষিতে সুখবোধ হয়। এজন্য মুক্তাবস্থাকে আনন্দময় বা সুখজনক অবস্থা বলতে গেলে সুখের সঙ্গে দুঃখের অস্তিত্বকেও মানতে হয় এবং সুখের সঙ্গে দুঃখকেও স্বীকার করলে মোক্ষ বা অপবর্গকে পরমপুরুষার্থরূপে গণ্য করা যায় না। মুক্তাবস্থাকে হতে হবে ভয়শূন্য, জরাশূন্য, মৃত্যুশূন্য অর্থাৎ সর্ববিধ দুঃখশূন্য। এই প্রকারে দুঃখের নিবৃত্তি হলে সুখেরও নিবৃত্তি হয় এবং সমস্তপ্রকার অভিজ্ঞতার বিলুপ্তি হলে আত্মা হতগুণ অচেতন দ্রব্যরূপে অবস্থান করে। স্বরূপত মুক্ত আত্মা এক অচেতন অধ্যাত্ম দ্রব্য। আবার মুক্তাবস্থা দুঃখমুক্ত অবস্থা হলেও দুঃখমুক্তি কোনো কালে হয় না। সুযুপ্তিতে সাময়িক দুঃখমুক্তি হয়। দীর্ঘকাল রোগভোগের পর রোগমুক্ত হলে দুঃখমুক্তি দীর্ঘকালীন হতে পারে, মুক্তাবস্থা এমন নয়। মুক্তাবস্থায় যে দুঃখমুক্তি তা চিরকালের জন্য দুঃখমুক্তি এবং একেই বলা হয় আত্যন্তিক দুঃখনিবৃত্তি। মুক্ত আত্মায় পুনর্জন্ম না হওয়ায় আত্যন্তিক দুঃখনিবৃত্তি ঘটে। বর্তমানেও দেখা যায় মুক্তি লাভের জন্য মানুষ নানাবিধ উপায় অবলম্বন করেন। যেমন তীর্থযাত্রা, পুণ্যস্নান ইত্যাদি। জীবনের অস্তিমকালে তাই মানুষ মোক্ষলাভে ব্রতী হন। সংসারের দুঃখকষ্ট যাতে আর ভোগ করতে না হয়। তাই মোক্ষলাভে ব্রতী হওয়ার জন্য ন্যায়দর্শনের এই প্রয়াস অপরিসীম।

### গ্রন্থপঞ্জী

- অন্নভট্ট। তর্কসংগ্রহঃ। সম্পা. নারায়ণ চন্দ্র গোস্বামী। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১৩ (বঙ্গাব্দ)। (১৪১০ তৃতীয় সংস্করণ)। মুদ্রণ।
- উদ্বোতকর। ন্যায়বার্তিকম্। সম্পা. বিদ্যেশ্বরী প্রসাদ। বারাণসী: চৌখম্বা সংস্কৃত সিরিজ, ১৯১৩। মুদ্রণ।
- উপনিষদ্। গোরক্ষপুর: গীতা প্রেস, ২০১৩। মুদ্রণ।
- গৌতম। ন্যায়দর্শন (প্রথম খণ্ড)। সম্পা. ফণিভূষণ তর্কবাগীশ। কলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ২০১১ (চতুর্থ সংস্করণ)। (১৯৮১ প্রথম সংস্করণ)। মুদ্রণ।
- ছান্দোগ্যোপনিষদ্। গোরক্ষপুর: গীতা প্রেস, ১৯৯৪। মুদ্রণ।
- তর্কবাগীশ, ফণিভূষণ। ন্যায়পরিচয়। কলকাতা: বঙ্গীয় সাহিত্য পরিষদ, ১৪১৩ (বঙ্গাব্দ)। মুদ্রণ।
- ভট্টাচার্য, সমরেন্দ্র। ভারতীয় দর্শন। কলকাতা: বুক সিণ্ডিকেট প্রাইভেট লিমিটেড, ২০১০ (তৃতীয় সংস্করণ)। (১৯৯৬ প্রথম সংস্করণ)। মুদ্রণ।
- বাচস্পতিমিশ্র। ন্যায়বার্তিকতাৎপর্যটীকা। সম্পা. রাজেশ্বর শাস্ত্রী। বারাণসী: চৌখম্বা সংস্কৃত সিরিজ, ১৯২৫। মুদ্রণ।
- বৃহদারণ্যকোপনিষদ্। সম্পা. করুণসিদ্ধু দাস, বেচারাম ঘোষ, সুবুদ্ধিচরণ গোস্বামী। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০০৮ (পুনর্মুদ্রণ)। (১৯৭৬ প্রথম সংস্করণ)। মুদ্রণ।
- ব্যাসদেব। শ্রীমদ্ভগবদগীতা। সম্পা. সন্তদাস বাবাজী। কলকাতা: চক্রবর্তী, চ্যাটার্জী এণ্ড কোং লিমিটেড, ১৩৫৭ (বঙ্গাব্দ)। মুদ্রণ।

Kumarilbhatta. *Mīmāṃsā Śloka-Vārtika* with Hindi Trans. By Shyam Sundar Sharma. Ed. Vijaya Sharma. Foreworded by Srinarayan Mishra. Varanasi: Bharatiya Vidya Sansthan, 2002 (1st ed.). Print.

## वेदाङ्गपरिचयः

निलेश-मिश्रः

“शिक्षा कल्पो व्याकरणं निरुक्तं छन्दसां चयः ।

ज्योतिषामयनं चैव वेदाङ्गानि षडेव तु ॥”

षण्णाम् एतेषां महत्त्वं निरीक्ष्यैव पाणिनीयशिक्षायां प्रतिपाद्यते यत्

“छन्दः पादौ तु वेदस्य हस्तो कल्पोऽथ पठ्यते ।

ज्योतिषामयनं चक्षुर्निरुक्तं श्रोत्रमुच्यते ॥

शिक्षा घ्राणं तु वेदस्य मुखं व्याकरणं स्मृतम् ।

तस्मात् साङ्गमधीत्यैव ब्रह्मलोके महीयते ॥”

वेदाङ्गानामेतेषां विवरणं वेदार्थबोधोपयोगिता च समासतोऽत्र प्रस्तूयते ।

शिक्षा—

शिक्षाग्रन्था वर्णोच्चारणविधिं विशेषतो वर्णयन्ति । कथं वर्णा उच्चारणीयाः, किं तेषा स्थानम्, कश्च तत्र यत्नः कण्ठताल्वादीनाम् उच्चारणे किं महत्त्वम्, कति वर्णाः, कथं कायमारुतो वर्णत्वेन विपरिणमते, कति स्थानानि, कति स्वराः, कथं च ते प्रयोज्या इत्यादयो विषयाः शिक्षाग्रन्थेषु विविच्यन्ते । सायणेन ऋग्वेदभाष्यभूमिकायां शिक्षालक्षणम् उच्यते यत् स्वरवर्णाद्युच्चारणप्रकारो यत्र शिक्ष्यते सा शिक्षा । तैत्तिरीयोपनिषदि शिक्षायाः स्वयंपं निरूप्यते यद्—वर्णः, स्वरः, मात्रा, बलम्, साम, सन्तानः । इत्युक्तः शिक्षाध्यायः । एतच्च पाणिनिना मुनिनैवं विव्रियते—वर्णः अकारादिः, स्वराः—उदात्तानुदात्तस्वरिताः, मात्राः—ह्रस्वदीर्घम्लुताः, बलम्—स्थानप्रयत्नो, साम—साम्येन विधिना माधुर्यादि—गुणसमन्वित—वर्णोच्चारणम्, सन्तानः—संहितापाठम् अनुसृत्य सन्धिनियमानुकूलं पदप्रयोगः । उच्यते च पाणिनीयशिक्षायाम्

“माधुर्यमक्षय्यक्तिः पदच्छेदस्तु सुस्वरः ।

धैर्यं लयसमर्थं च षडेते पाठका गुणाः ॥”

साम्प्रतम् उपलभ्यमानेषु ३२ शिक्षाग्रन्थेषु पाणिनीयशिक्षा प्रमुखा । अन्ये च विशिष्टाः शिक्षाग्रन्थाः सन्ति—याज्ञवल्क्यशिक्षा, व्यासशिक्षा, नारदशिक्षा, माण्डूकीशिक्षा चेति । वर्णोच्चारणादिविधि—ज्ञानम् अन्तरेण न शक्यो वेदानां विशुद्धः पाठोऽर्थावगमश्चेति । ‘शिक्षा घ्राणं तु वेदस्य’ व्याहरता पाणिनिना शिक्षाग्रन्थानां नासिका—स्थानीयत्वं स्वीक्रियते ।

## व्याकरणम्—

व्याकरणे प्रकृति-प्रत्ययस्य विचारः, उदात्तादिस्वरविचारः, उदात्तादिस्वरसंचारनियमाः, सन्धिनियमाः, शब्दरूप-धातुरूपादि निर्माणनियमाः, प्रकृतेः प्रत्ययस्य च स्वरूपावधारणं तदर्थनिर्धारणं चेति विविधा विषया विविच्यन्ते । वेदेषु प्रकृति-प्रत्यय-विचारस्य स्वरस्य च महन्महत्त्वमिति तत्र व्याकरणमेव साहाय्यम् अनुतिष्ठतीति षडङ्गेषु व्याकरणमेव प्रधानम् । संस्कृतव्याकरणं प्रातिशाख्यग्रन्था इति प्रसिद्धिम् आप्ताः । साम्प्रतं केचनैव प्रातिशाख्यग्रन्था उपलभ्यन्ते । ते कमप्येकं वेदम् आश्रित्य वर्तन्ते । तद्यथा-ऋग्वेदस्यशौनकप्रणीतम् ऋक्प्रातिशाख्यम् । एतदेव पार्षदसूत्रम्, कृष्णयजुर्वेदस्य तैत्तिरीयप्रातिशाख्यं । सामवेदस्य सामप्रातिशाख्यं पुष्पसूत्रं वा, पञ्चविधसूत्रं च । अथर्ववेदस्य अथर्वप्रातिशाख्यम् ।

व्याक्रियन्ते विविच्यन्ते शब्दा अनेनेति व्याकरणम् । एतदर्थनेव संस्कृतव्याकरणस्य जनिरभूत् । संस्कृतव्याकरणावबोधाय महर्षेः पाणिनेः अष्टाध्यायी प्राधान्यं लभते । लौकिकसंस्कृतेन सहैव वैदिकसंस्कृतस्यापि व्याकरणं तत्र प्रस्तूयते । अन्ये प्राचीना व्याकरणग्रन्था लुप्तप्राया एव । पाणिनीयसूत्रेषु कात्यायनेन वार्तिकाः पतञ्जलिना च महाभाष्यं विरचितम् । पाणिनि-कात्यायन-पतञ्जलि-इति त्रयं मुनित्रयम् इत्यभिधीयते । तत्र पाणिनेरष्टाध्यायी सर्वाङ्गविभूषितत्वात् सर्वत्रादरं लभते । पतञ्जलेः महाभाष्यं च व्याकरणदर्शनस्य मूर्धन्यं रत्नम् । संस्कृत-व्याकरण-विषये अन्येऽपि केचन ग्रन्थाः सादरं स्मर्यन्ते । तद्यथा-वामन-जयादित्य-कृता अष्टाध्याय्याः काशिकावृत्तिः, तत्र च जिनेन्द्रबुद्धिकृतो न्यासग्रन्थः, हरदत्तमिश्रकृता पदमञ्जरी च, भट्टोजिदीक्षितप्रणीताः सिद्धान्तकौमुदी-शब्दकौस्तुभ-प्रौढ-मनोरमा ग्रन्थाः, नागेशभट्टकृताः शब्देन्दुशेखर-परिभाषन्दुशेखर-मञ्जूषास्फोटवादादिग्रन्थाः, वरदराजकृता लघुसिद्धान्तकौमुदी मध्यसिद्धान्तकौमुदी च ।

## छन्दः—

वेदेषु मन्त्राः प्रायशश्छन्दोबद्धा एव । अतो वृत्तज्ञानाय छन्दः शास्त्रम् अनिवार्यम् । छन्दः शास्त्रविषयको मुख्यो ग्रन्थः पिंगल-प्रणीतं छन्दः सूत्रमेवोपलभ्यते प्रातिशाख्यग्रन्थेष्वपि वृत्तविचारः प्राप्यते । एभ्य एव लौकिकछन्दोविषयकाणां ग्रन्थानां विकासः समजनि ।

## निरुक्तम्—

निरुक्तै क्लिष्टवैदिकशब्दानां निर्वचनं प्राप्यते । विषयेऽस्मिन् यास्कप्रणीतं निरुक्तमेव प्रमुखो ग्रन्थः । अत्र मन्त्राणां निर्वचनमूलाया व्याख्याः प्रथमः प्रयासः समासाद्यते । वैदिकशब्दानां संग्रहात्मको ग्रन्थो निघण्टुरिति कथ्यते । तस्यैव व्याख्यानभूतं निरुक्तमेतत् । यास्को निरुक्ते स्वपूर्ववर्तिनः सप्तदशनिरुक्तकारान् परिगणयति । निरुक्ते काण्डत्रयं नैघण्टुकाण्डं नैगमकाण्डं दैवतकाण्डं चेति । निरुक्तस्य पञ्चविधकार्यत्वम् । उक्तं च—

“वर्णागमो वर्णविपर्यश्च द्वौ चापरौ वर्णविकारनाशौ ।  
धातोस्तदर्थतिशयेन योगस्तदुच्यते-पञ्चविधं निरुक्तम् ॥”

ज्योतिषम्—

शुभं मुहूर्तं आश्रित्यैव विशिष्टोऽध्वरः प्रावर्ततेति शुभमुहूर्ताकलनाय ज्योतिषस्यादयोऽभूत् । अत्र सूर्यचन्द्रमसोर्ग्रहाणां नक्षत्राणां च गतिर्निरीक्ष्यते परीक्ष्यते विविच्यते च । सौरमासश्चान्द्रमासश्चोभयं परिगण्यतेऽत्र । शुभमुहूर्तनिर्धारणे चान्द्रमासस्य प्राधान्यं लक्ष्यते । विषयेऽस्मिन् आचार्यलगधप्रणीतं वेदाङ्गज्योतिषम् इति ग्रन्थ एवं साम्प्रतम् उपलभ्यते अतीव मूढार्थकोऽयं ग्रन्थः । अद्यावधि न कोऽप्यस्यार्थनिर्धारणे सक्षमः । ज्योतिषयस्य महत्त्वं तत्रोच्यते—

“वेदा हि यज्ञार्थमभिप्रवृत्ताः कालानुपूर्वा विहिताश्च यज्ञाः ।  
तस्मादिदं कालविधानशास्त्रं यो ज्योतिषं वेद स वेद वेदम् ॥”

कल्पः—

कल्पसूत्रेषु विविधाध्वराणां संस्कारादीनां च वर्णनं प्राप्यते । मन्त्राणां विविधकर्मसु विनियोगश्च तत्र प्रतिपाद्यते । कल्पसूत्राणि चतुर्धा विभज्यन्ते—श्रौतसूत्रम्, गृह्यसूत्रम्, धर्मसूत्रम्, शूल्वसूत्रं च ।

- १) श्रौतसूत्रम्—श्रौतसूत्रेषु श्रुतिप्रतिपादितानां सप्त हविर्यज्ञानां सप्त सोमयज्ञानाम् एवं चतुर्दशयज्ञानां विधिर्विनियोगादिकं च प्रतिपाद्यते । तत्र प्रमुखानि श्रौतसूत्राणि सन्ति—आश्वलायनश्रौतसूत्रम्, शांखायनश्रौतसूत्रम्, बौधायन, आपस्तम्ब, मानव, कात्यायन, लाट्यायन, द्राह्ययण, वैतानश्रौतसूत्रं च । श्रौतसूत्राणीमानि कमप्येकं वैदमाश्रित्य वर्तन्ते ।
- २) गृह्यसूत्रम्—गृह्यसूत्रेषु षोडशसंस्काराणां पञ्चमहायज्ञानां सप्तपाकयज्ञानाम् अन्येषां च गृह्यकर्मणां सविशेषं वर्णनम् आप्यते । गृह्यसूत्राण्यपि कमप्येकं वेदम् आश्रित्य वर्तन्ते । तत्र प्रमुखानि सन्ति—आश्वलायनगृह्यसूत्रम्, पारस्कर, शांखायन, बौधायन, आपस्तम्ब, मानव, खादिरगृह्यसूत्रं चेति ।
- ३) धर्मसूत्रम्—धर्मसूत्रेषु मानवानां कर्तव्यं नीतिधर्मो रीतयः चतुर्वर्णाश्रमाणां कर्तव्यादिकम् अन्यच्च सामाजिकनियमादिकं वर्णयते । तत्र प्रमुखा ग्रन्थाः सन्ति—बौधायनधर्मसूत्रम्, आपस्तम्ब, हिरण्यकेशी, वसिष्ठ, मानव, गौतमधर्मसूत्रं च ।
- ४) शूल्वसूत्रम्—शूल्वसूत्रेषु यज्ञवेद्या मानादिकं वेदीनिर्माणविध्यादिकं च वर्णयते । तत्र मुख्या कात्यायन शूल्वसूत्रम्, मानव, बौधायन, आपस्तम्ब, मैत्रायणी, वाराह वाधूल ।

ग्रन्थपञ्जी

अमरकोषः, श्रीमद्गुरुनाथ विद्यानिधि भट्टाचार्य सम्पादितः, कलिकाता : संस्कृत पुस्तक भाण्डार, १४१७  
(बङ्गाब्दः) ।

अष्टाध्यायी, तपनशङ्कर भट्टाचार्य सम्पादितः, कलिकाता: संस्कृत बुक डिपो, २००४ ।

निरुक्तम्, ब्रह्मचारीमेधाचैतन्यसम्पादितः, कलिकाता: दक्षिणेश्वर रामकृष्णसंघः आद्यापीठवालकाश्रमः, २००२ ।

पाणिनीयशिक्षा, अशोककुमारबन्धोपाध्यायसम्पादितः, कलिकाता: सदेश, २०१६ ।

वाक्यपदीयम्, पण्डितरघुशर्मासम्पादितः, वाराणसी: सम्पूर्णानन्द संस्कृत विश्वविद्यालयः, २००० ।

## SOCIAL CONDUCTS SUGGESTED IN ŚRĪMADBHAGAVAD-GĪTĀ

SUKANYA BHATTACHARJEE

### Abstract:

In the whole eighteen chapters of *Śrīmadbhagavad Gītā* (S.G.), we find many suggestions of social conducts which indicate the positions of the then society as far as the human relationships are concerned. For example Duryōdhana is addressing Drōṇa as *Dvijōttama* which indicates a high Brahmin position of Drōṇa. For paying honour to respected persons such words were being used. For kings also honourable addresses like *Prthivīpati* etc were being done. द्रुपदो द्रौपदेयाश्च सर्वशः पृथिवीपते । / सौभद्रश्च महाबाहुः शङ्खान्दध्मुः पृथक्पृथक् । हृषीकेशं तदा वाक्यमिदमाह महीपते । / सेनयोरुभयोर्मध्ये रथं स्थापय मेऽच्युत ॥ (S.G. - 1/18,21)

The war at that time was never conducted clandestinely. The declaration of the beginning of the war was being done by blowing conch-shell etc.

तस्य संजनयन्हर्षं कुरुवृद्धः पितामहः ।

सिंहनादं विनद्योच्चैः शङ्खं दध्मौ प्रतापवान् ॥

ततः शङ्खाश्च भेर्यश्च पणवानकगोमुखाः ।

सहसैवाभ्यहन्यन्त स शब्दस्तुमुलोऽभवत् ॥ (S.G.-1/12,13)

Great warriors were keeping special conch-shells for themselves. We get names of different conch shells in S.G.

पाञ्चजन्यं हृषीकेशो देवदत्तं धनञ्जय ।

पौण्ड्रं दध्मौ महाशङ्खं भीमकर्मा वृकोदरः ॥

अनन्तविजयं राजा कुन्तीपुत्रो युधिष्ठिरः ।

नकुलः सहदेवश्च सुघोषमणिपुष्पकौ ॥ (S.G.-1/15,16)

For any activity ancient people were analyzing signs and omens. Arjuna also finds bad omens before the war. निमित्तानि च पश्यामि विपरीतानि केशव । नव श्रेयोऽनुपश्यामि हत्वा स्वजनमाहवे ॥ (S.G.- 1/31)

In this way the present paper wishes to explore social conducts in S.G. As a scripture *Śrīmadbhagavad-Gītā* (S.G.) is not only an embodiment of high level spirituality but also repository of suggestions for daily life, social

conducts, caste and religion etc. In the whole eighteen chapters of *S.G.*, we find many suggestions on social conducts which indicate condition of the then society as far as the human relationships are concerned. Our present endeavour is to explore the social conducts suggested in *S.G.*

## ADDRESSING

For paying respects to honourable persons various kind of addresses are being used in Indian society from ancient time. For example *Dvijottama* (Best among twice-born) is used to indicate the highest position of a man in society according to caste. In *Gītā*, Dūryodhana is addressing Drōṇa as *Dvijottama*.<sup>1</sup>

Again, we find the use of the addresses like '*Pr̥thvīpate*'<sup>2</sup> and '*Mahāpate*'<sup>3</sup> (Ruler of the earth) in the honour of great kings.

In many places of *S.G.*, we see the term '*Mahābāho*' (Mighty armed one) which is also used to refer to the power of kings. In few places, Śrī Kṛṣṇa addresses Arjuna as '*Mahābāho*'<sup>4</sup> and we see kings like Dhr̥ṣṭadyumna, Virāta and Sātyaki etc. are also addressed by the same term.<sup>5</sup>

To address a great person belonging to a great clan by the name of his dynasty is an old but very popular custom. In many verses, Śrī Kṛṣṇa is addressing Arjuna as '*Bhārata*' (Descendant of Bhārata dynasty) for paying extra-honour by mentioning the name of his dynasty.<sup>6</sup>

Again, we find the word *Puruṣottama* (Supreme person) as used in the address of Śrī Kṛṣṇa. By the address as *Puruṣottama* (O Supreme person) implies that nothing is unknowable to Śrī Kṛṣṇa who, being superior to all persons, is omniscient.<sup>7</sup>

## DECLARATION OF WAR

The war at that time was never conducted clandestinely. There were many rules, rites and customs which were performed and maintained by the warriors strictly. The declaration of the beginning of the war was being done by blowing conch-shells etc.

The sound of blowing of conch-shell was not only used for declaring the beginning of war but also used for raising the spirit of war and removing the fear from the heart of warriors.

Bhīṣma, the grandfather of *Kurus* and *Pāṇḍavas*; who was the oldest among all declare the war by blowing his conch-shell.<sup>8</sup> Just after that many others musical instruments like conch-shells (शङ्खः), tabors (पणव), trumpets (आनक) and horns (गोमुख) etc. started blaring from every nook to declare the beginning of war.<sup>9</sup>

Then, Śrī Kṛṣṇa and Arjuna blew their divine conches loudly. In the then

society, every warrior had separate conch-shells. The name of Śrī Kṛṣṇa's conch was *Pāñcajanya*, Arjuna's was *Devadatta* and the name of the great conch of Bhīma was *Paṇḍra*.<sup>10</sup> The name of the conch of Yudhiṣṭhira was *Anantavijaya*. *Sughoṣa* and *Manipuspaka* were the name of conch-shells of Nakula and Sahadeva respectively.<sup>11</sup>

Moreover, the great King of Kāśī, great charioteer Śikhaṇḍī, Dhṛṣṭadyumna, Virāta, unconquered King, Sātyaki, Drupada and sons of Draupadī and the sons of Subhadra, Abhimanyu also had their own conches and blew it loudly to declare the beginning of war.

## PROTECTION OF CLAN

When Arjuna had seen all his relatives and friends in battle ground, he wanted to surrender since he found bad omens and realized that the result of destroying his own clan will not be beneficial. He said -

कथं न ज्ञेयमस्माभिः पापादस्मान्निवर्तितुम् । कुलक्षयकृतं दोषं प्रपश्यद्विर्जनार्दन ॥ (S.G. -1/39)

S.G. says man fights for saving his clan from destruction. It is duty of a man to protect his own family. But the result may be harmful if one is involved in war out of greed for kingdom.<sup>12</sup>

## FIXED DUTY

We find four classes in Indian society from ancient time. In *Gītā*, Śrī Kṛṣṇa says to Arjuna that He created four caste groups in society on the basis on qualities and duties. चातुर्वर्ण्यं मया सृष्टं गुणकर्मविभागशः । (S. G.- 4/1 3)

The first three groups - *Brāhmaṇa*, *Kṣatriya* and *Vaiśya* — are eligible for studying *Veda*. But the last group, *Sūdra* is not. The Supreme God has explained the duties of these four groups briefly.<sup>13</sup>

For the *Kṣatriyas*, there is no other important duty than battle for justice. They will associate themselves with battle for the sake of performing duty of *Kṣatriyas* for establishing righteous way of life.<sup>14</sup>

Śrī Kṛṣṇa advises that man should perform his duty with care but without attachment. One can attain liberation only through it.<sup>15</sup>

## HYBRID

S.G. says that the man should be careful to maintain the traditional rites and duties of the family. If man indulges himself in sinful work then the women of the family become corrupted and then the clan gets filled with hybrid progenies.<sup>16</sup>

## TEACHER

Disciples worshipped and offered flowers etc. to the teachers to show their

respect and adoration. They never think of raising bow and arrow against them. It is also an old custom of our society. S.G. says - कथं भीष्ममहं संख्ये द्रोणं च मधुसूदन।  
इषुभिः प्रतियोत्स्यामि पूजार्हा वरिसूदन॥ (S.G. -2/4)

## ELDERS

Hindu scriptures teach us to show respect to the elders and always obey their words. There is no pride in killing respectable and noble minded elders. When Arjuna saw his all respectable elders in opponent camp, he lost his interest in battle.<sup>17</sup>

## SOUND PERSONALITY

Śrī Kṛṣṇa classified man into two categories and discussed their characteristics which may help normal people also to build up their own personality. He says the man with divine power had many good qualities which are -

अभयं सत्त्वसंशुद्धिर्ज्ञानयोगव्यवस्थितिः ।  
दानं दमश्च यज्ञश्च स्वाध्यायस्तप आर्जवम् ॥  
अहिंसा सत्यमक्रोधस्त्यागः शान्तिरपैशुनम् ।  
दया भूतेष्वलोलुप्त्वं मार्दवं ह्रीरचापलम् ॥  
तेजः क्षमा धृतिः शौचमद्रोहो नातिमानिता ।  
भवन्ति सम्पदं दैवीमभिजातस्य भारत ॥ (S.G. -16/1-3)

But pride, haughtiness, anger, rudeness and also ignorance are the qualities of one who is born with demonical nature.<sup>18</sup>

Moreover, Śrī Kṛṣṇa suggests that a person should be free from passion, anger and also from greed (लोभः), because these three elements lead a people towards the door of hell. But if one is able to conquer these three elements, then he attains the highest goal.<sup>19</sup>

## CONDUCT ON THE BASIS OF SASTRA

*Gītā* which is considered as the storehouse of all scriptural knowledge says that man should perform duties on the basis of scriptural knowledge. A person can't attain success, liberation or happiness who leads life wilfully and ignoring scriptural orders. So from the instructions of the ancient scriptures like *Veda*, *Smṛti*, *Purāṇa*, people will decide what should be performed and what should not be.<sup>20</sup>

## FOOD AND PERSONALITY

In S.G., we find suggestion about which kind of food we should take in daily

life. Śrī Kṛṣṇa classified food also into three classes on the basis of preference. Of a man in whom *sattva* predominates liked the foods are juicy, smooth and delighting and they increase longevity, strength, health and happiness.<sup>21</sup>

Man with *rajas* quality likes pungent, sour, salty, hot and dry foods which give sadness, sorrow and diseases.<sup>22</sup>

Again, the Supreme God says that a man of *tamas* likes stale, dry, rotten and left over food -

यातायामं गतरसं पूति पर्युषितं च यत्।

उच्छिष्टमपि चामेध्यं भोजनं तामसप्रियम् ॥ (S.G. - 17/10)

## PENANCE

In the seventeenth chapter of S.G. , the Supreme God disclosed about six kinds of penance. The austerity in which the worship of gods, Brahmins, vulnerable persons and or wise-saying persons is conducted and purity, straight forwardness, celibacy and non-violence are followed is called physical austerity.<sup>23</sup>

The austerity in which anxiety-free speeches, truthful, agreeable and beneficial speeches as well as the practice of studying scriptures are performed is called austerity of speech.<sup>24</sup>

The mental austerity is cheerfulness of mind, smileful personality, silence, self-restraint, purity of mind.<sup>25</sup>

The other three types of austerity based on the qualities of *sattva*, *rajas* and *tamos*. The austerity which is undertaken with extreme faith of people not desirous of any kind of fruit and who are followers of self-restraint is called *Sattvika* austerity.<sup>26</sup>

The austerity which is observed to gain praise, honour and worship through arrogance is the austerity of *Rajasa* kind which gives uncertain fruits only in this world.<sup>27</sup>

On the other hand, the austerity which is undertaken with foolish goal and with readiness for self-infliction in order to destroy another person is called *Tamasa* type of austerity.<sup>28</sup>

## GIFTING

Śrī Kṛṣṇa explains before Arjuna the three kinds of gift and the rules of gifting. A person who takes gifting as a duty and gifts at the proper place and time and to a proper person without the hope of return is called *Sāttvika* gift.<sup>29</sup>

*Rajas* gift is with hope of reciprocation, result or with grudge.<sup>30</sup> To Him that gift, which is made at an improper place and time, and to undeserving persons without proper treatment and with disdain, is declared to be *Tamasa* gift.<sup>31</sup>

## RIGHT PATH

In the S.G., Śrī Kṛṣṇa presents the excellence of the word 'Sat' in front of Arjuna. This word is used to present the state of existence and of goodness as well as for right conduct. This word has also been used to state the auspicious rites. 'Sat' also refers to performance of sacrifices, penance, gifting and existing. All these values suggest ideal social conducts. On the other hand, negative social conduct is also shown as the social performances etc. without any faith. In the word of god -

सद्भावे साधुभावे च सदित्येतत्प्रयुज्यते ।

प्रशस्ते कर्मणि तथा सच्छब्दः पार्थ युज्यते ॥

यज्ञे तपसि दाने च स्थितिः सदिति चोच्यते ।

कर्म चैव तदर्थीयं सदित्येवाभिधीयते ॥

अश्रद्धया हुतं दत्तं तपस्तप्तं कृतं च यत् ।

असदित्युच्यते पार्थ न च तत्प्रेत्य नो इह ॥ (S.G.-17/26-28)

Thus, we find S.G. has not only reflected about the ideal social conducts of its time but has also given right direction towards a higher human life through the appropriate conducts, behaviour and performances. While doing so it is found that the ancient scriptures have been given paramount importance for guidance.

## Notes & References

1. अस्माकं तु विशिष्टा ये तान्निबोध द्विजोत्तम ।, S.G.- 1/7
2. द्रुपदो द्रौपदेयाश्च सर्वशः पृथिवीपते ।, S.G.- 1/18
3. हृषीकेशं तदा वाक्यमिदमाह महीपते ।, S.G.- 1/21
4. तथापि त्वं महाबाहो नैवं शोचितुमर्हसि ।, S.G.-2/26
5. सौभद्रश्च महाबाहुः शङ्खान्दध्मुः पृथक्पृथक् ।, S.G.- 1/18
6. अव्यक्तादीनि भूतानि व्यक्तमध्यानि भारत ।, S.G.-2/18
7. किं तद्ब्रह्म किमध्यात्मं किं कर्म पुरुषोत्तम ।, S.G.- 8/1
8. तस्य संजनयन्हर्षं कुरुवृद्धः पितामहः । सिंहनादं विनोद्यच्चैः शङ्खं दध्मौ प्रतापवान् ॥, S.G.- 1/12
9. ततः शङ्खाश्च भेर्यश्च पणवानकगोमुखाः । सहसैवाभ्यहन्यन्त स शब्दस्तुमुलोऽभवत् ॥, S.G.-1/13
10. पाञ्चजन्यं हृषीकेशो देवदत्तं धनञ्जयः । पौण्ड्रं दध्मौ महाशङ्खं भीमकर्मा वृकोदरः ॥, S.G.- 1/14
11. अनन्तविजयं राजा कुन्तीपुत्रो युधिष्ठिरः । नकुलः सहदेवश्च सुघोषमणिपुष्पकौ ॥, S.G.-1/15
12. अहो बत महत्पापं कर्तुं व्यवसिता वयम् । यद्राज्यसुखलोभेन हन्तुं स्वजनमुद्यताः ॥, S.G.- 1/45
13. शमो दमस्तपः शौचं क्षान्तिरार्जवमेवं च । / ज्ञानं विज्ञानमास्तिक्यं ब्रह्मकर्म स्वभावजम् ॥, शौर्यं तेजो

- धृतिर्दाक्ष्यं युद्धे चाप्यपलायनम् । / दानमीश्वरभावश्च क्षात्रकर्म स्वभावजम् ॥, कृषिगौरक्ष्यवाणिज्यं वैश्यकर्म स्वभावजम् । / परिचर्यात्मकं कर्म शूद्रस्यापि स्वभावजम् ॥, S.G.- 18/42-44
14. अथ चेत्वमिमं धर्म्यं संग्रामं न करिष्यसि । / ततः स्वधर्मं कीर्तिं च हित्वा पापमवाप्स्यसि ॥, S.G.-2/33
15. तस्मादसक्तः सततं कार्यं कर्म समाचर । / असक्तो ह्याचरन् कर्म परमाप्नोति पुरुषः ॥, S.G.-3/19
16. अधर्माभिभवात् कृष्ण प्रदुष्यन्ति कुलस्त्रियः । / स्त्रीषु दुष्टासु वाष्ण्ये जायते वर्णसङ्करः ॥, S.G.- 1/41
17. गुरुजनहत्वा हि महानुभावान् श्रेयो भोक्तुं भैक्ष्यमपीह लोके । / हत्वार्थकामांस्तु गुरुनिहैव भुञ्जीय भोगान् रुधिरप्रदिग्धान् ॥, S.G.- 2/5
18. दम्भो दर्पोऽभिमानश्च क्रोधः पारुष्यमेव च । / अज्ञानं चाभिजातस्य पार्थ सम्पदमासुराम् ॥ S.G.-16/4
19. एतैर्विमुक्तः कौन्तेय तमोद्वारैस्त्रिभिर्नरः । / आचारत्यात्मनः श्रेयस्ततो याति परां गतिम् ॥ S.G.- 16/22
20. यः शास्त्रविधिमुत्सृज्य वर्तते कामकारतः । / न स सिद्धिमवाप्नोति न सुखं न परां गतिम् ॥, तस्माच्छास्त्रं प्रमाणं ते कार्याकार्यव्यवस्थितौ । / ज्ञात्वा शास्त्रविधानोक्तं कर्म कर्तुमिहार्हसि ॥, S.G.- 16/23,24
21. आयुः सत्त्वबलारोग्यसुखप्रीतिविवर्धिनाः । / रस्याःस्निग्धाः स्थिरा हृद्या आहाराः सात्त्विकप्रियाः ॥ S.G. - 17/8
22. कट्वम्लवणात्युष्णतीक्ष्णरूक्षत्रिदाहिनः । / आहारा राजसस्येष्टा दुःखशोकामयप्रदाः ॥, S.G.- 17/9
23. देवद्विजगुरुप्राज्ञपूजनं शौचमार्जवम् । / ब्रह्मचर्यमहिंसा च शारीरं तप उच्यते ॥, S.G.-17/14
24. अनुद्वेगकरं वाक्यं सत्यं प्रियहितं च यत् । / स्वाध्यायाभ्यसनं चैव वाङ्मयं तप उच्यते ॥, S.G.- 17/15
25. मनः प्रसादः सौम्यत्वं मौनमात्मविनिग्रहः । / भावसंशुद्धिरित्येतत्तपो मानसमुच्यते ॥, S.G. - 17/16
26. श्रद्धया परया तप्तं तपस्तत्त्रिविधं नरैः । / अफलाकांक्षिभिर्युक्तैः सात्त्विकं परिचक्षते ॥, S.G.- 17/17
27. सत्कारमानपूजार्थं तपो दम्भेन चैव यत् । / क्रियते तदिह प्रोक्तं राजसं चलमधुवम् ॥, S.G.- 17/18
28. मूढग्राहेणात्मनो यत्पीडया क्रियते तपः । / परस्योत्सादनार्थं वा तत्तामसमुदाहृतम् ॥, S.G. - 17/19
29. दातव्यमिति यद्दानं दीयतेऽनुपकारिणे । / देशे काले च पात्रे च तद्दानं सात्त्विकं स्मृतम् ॥, S.G.-17/20
30. यत्तु प्रत्युपकारार्थं फलमुद्दिश्य वा पुनः । / दीयते च परिक्लिष्टं तद्दानं राजसं स्मृतम् ॥, S.G. - 17/21
31. अदेशकाले यद्दानमपात्रेभ्यश्च दीयते । / असत्कृतमवज्ञातं तत्तामसमुदाहृतम् ॥, S.G.-17/22

## BIBLIOGRAPHY

- Sarasvati, Madhusudana, *Bhagavad-Gītā*, Swami Gambhirananda (Tr.), Advaita Ashrama, Kolkata, India, 2<sup>nd</sup> impression - 2007.
- Śrīmad Bhagavad-Gītā* (With Eng. Translation and Transliteration), Gita Press, Gorakhpur, India, 2016 (20<sup>th</sup> Reprint).

## Contributors List

1. Prof. Pradyot Kumar Mukhopadhyay, Former Professor, Dept. of Philosophy, Jadavpur University.
2. Prof. Mrinal Kanti Bandyopadhyay, Former Professor, Dept. of Sanskrit, The University of Burdwan.
3. Prof. Tapan Sankar Bhattacharyya, Professor, Dept. of Sanskrit, Jadavpur University.
4. Dr. Harekrishna Pattojoshi, Assistant Professor, Dept. of Sanskrit, Ramakrishna Mission Vidyamandir, Belur Math.
5. Dr. Sanjiban Sengupta, Joint Director of Public Instruction, West Bengal.
6. Dr. Shiuli Basu, Associate Professor, Dept. of Sanskrit, Jadavpur University.
7. Dr. Debdas Mandal, Assistant Professor, Dept. of Sanskrit, Jadavpur University.
8. Dr. Chinmay Mandal, Assistant Professor, Dept. of Sanskrit, Jadavpur University.
9. Dr. Sudipta Halder, Ex. Research Scholar, Dept. of Sanskrit, Jadavpur University.
10. Dr. Rubel Pal, Assistant Professor, Dept. of Sanskrit, Sri Ramkrishna Sarada Vidya Mahapitha, Hooghly.
11. Sri Ujjal Sardar, Deshabandhu Mahavidyalaya, Chittaranjan.
12. Sri Niladri Ghara, Research Scholar, Dept. of Sanskrit, Jadavpur University.
13. Sri Nilesh Mishra, Research Scholar, Dept. of Sanskrit, Allahabad University.
14. Sukanya Bhattacharyya, Guest Lecturer, Dum Dum Motijheel Rabindra Mahavidyalaya.